সহজ ভাষায় কুরআনের গ্রামার

صرف/ছারফ

QALC

Quranic Arabic Learning Cafe

কিছু কথা

আলহামদু লিল্লাহ !

আমাদের পূর্ববর্তী নাহু ই-বুকের পর অনেক শিক্ষার্থী ছারফ বিষয়েও একটি বই প্রকাশের অনুরোধ করেছেন। সেই অনুরোধের প্রেক্ষিতেই এই ই-বুকটির রচনা।

এখানে মূলত "ক্রিয়ার গঠন ও রূপ" এবং "বাক্যে ক্রিয়ার প্রয়োগ"—এই দুইটি অধ্যায়ে বিষয়বস্তু সাজানো হয়েছে। প্রথম অধ্যায়ে চেষ্টা করেছি আরবি ক্রিয়ার ধরণ, রূপান্তর এবং গঠনকে পরিষ্কারভাবে উপস্থাপন করতে। দ্বিতীয় অধ্যায়ে দেখানো হয়েছে বাক্যে ক্রিয়ার ব্যবহার ও প্রয়োগ, যেনো পাঠক ধাপে ধাপে একটি পূর্ণাঙ্গ ধারণা লাভ করতে পারেন।

আন্তরিক অনুরোধ—আপনারা যেনো বইটি পড়ার সময় এর পরিকল্পিত ধারা অনুসরণ করেন এবং বিষয়গুলোর মধ্যে যে প্রবাহ ও ধারাবাহিকতা রাখা হয়েছে, সেটি উপলব্ধি করার চেষ্টা করেন। আশা করি এতে আপনাদের কাছে বিষয়গুলো সহজবোধ্য ও সাবলীল মনে হবে। এই সংস্করণে কিছু সীমাবদ্ধতা রয়েছে। এর মধ্যে উল্লেখযোগ্য হলো কিছু গুরুত্বপূর্ণ বিষয় এখানে অন্তর্ভুক্ত করা হয়নি। ইনশাআল্লাহ, পরবর্তী সংস্করণে আপনাদের মূল্যবান মতামতের ভিত্তিতে বইয়ের বিষয়বস্তু পরিবর্তন ও পরিবর্ধন করা হবে।

ই-বুকটির কম্পোজ ও বিন্যাসের ক্ষেত্রে অনেকের প্রত্যক্ষ ও পরোক্ষ সহযোগিতা রয়েছে। আল্লাহ তাঁদের সবাইকে উত্তম প্রতিদান দিন। আমীন!

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালা আমাদের সকলকে পবিত্র কুরআনুল কারীমের ভাষা বোঝার তাওফীক দান করুন। আমীন!

মোহাম্মদ আসাদুজ্জামান

প্রথম সংস্করণ : ২৫ আগস্ট ২০২৫
ইমেইল : quranicarabiclearningcafe@gmail.com
ওয়েবসাইট: www.quranicarabiclearningcafe.com

ব্যবহার ও কৃতজ্ঞতা

এই ই-বুকটি যেকোনো ব্যক্তি, যার উদ্দেশ্য পবিত্র কুরআনুল কারীমের ব্যাকরণ শেখা, তিনি প্রিন্ট করে নিতে, সফট কপি শেয়ার করতে এবং নিজের প্রয়োজনে বিনামূল্যে ব্যবহার করতে পারবেন। তবে লেখকের লিখিত অনুমতি ব্যতীত, বাণিজ্যিক উদ্দেশ্যে এই বই ব্যবহার করা সম্পূর্ণ নিষিদ্ধ।

মূল্য : ৫০০ টাকা (প্রতীকী মূল্য)

- যদি কেউ কোনো উৎস থেকে এই বই বিনামূল্যে পেয়ে থাকেন, তিনি নির্দ্বিধায় তা ব্যবহার করতে পারবেন।
- যদি এ বই থেকে উপকৃত হন, অনুগ্রহ করে আমাদের জন্য দোআ করবেন।
- আর্থিকভাবে কৃতজ্ঞতা প্রকাশ করতে চাইলে আমাদের পক্ষ থেকে যে কোনো পরিমাণ অর্থ আমাদের পরিচালিত **দারুল আরকাম মাদরাসায়** দান করতে পারেন।

ব্যাংক তথ্য (Bank Details):
A/C NAME: DARUL ARKAM MADRASA
A/C NO.: 0141120058317
BANK: AL-ARAFAH ISLAMI BANK LTD.
BRANCH: VIP ROAD
DHAKA, BANGLADESH

বিকাশ (Personal)
Muhammad Sekandar Ali
01718787468

উল্লেখ করা যেতে পারে যে দারুল আরকাম মাদরাসাটি **এপ্রিল ২০১৬** থেকে আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার বিশেষ অনুগ্রহে ছোট পরিসরে প্রতিষ্ঠিত ও পরিচালিত হয়ে আসছে। এখন পর্যন্ত মাদরাসার সমস্ত খরচ কিছু ব্যক্তিগত উদ্যোগে চালানো হয়েছে, এবং প্রতিষ্ঠার পর থেকে কখনোই কোনো ধরনের গণঅনুদান (Crowdfunding) সংগ্রহ করা হয়নি।

আল্লাহ সুবহানাহু ওয়া তায়ালার আমাদের সকল প্রচেষ্টা কবুল করুন। আমীন!

সূচীপত্র

ছারফ/SARF পরিচিতি

ছারফ/Sarf সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা ১
ছারফ/Sarf শিখার পূর্বশর্ত ২
ফ্যামিলিগুলো সহজে মনে রাখার উপায় ৫
ফ্যামিলিগুলোর মধ্যে মিল ও অমিল ৬
ফ্যামিলির গুরুত্বপূর্ণ ফর্মের পরিচিতি ৭
আরবি ব্যাকরণে কাল/Tense এর ধারণা ৮

১. PERFECT/অতীত কাল কর্তৃবাচ্য (ACTIVE) ফর্ম

ফ্যামিলি-১ فَتَحَ Perfect/অতীতকাল ৯
ফ্যামিলি-১ ضَرَبَ Perfect/অতীতকাল ১১
ফ্যামিলি-১ نَصَرَ Perfect/অতীতকাল ১৩
ফ্যামিলি-১ سَمِعَ Perfect/অতীতকাল ১৫
ফ্যামিলি-২ عَلَّمَ Perfect/অতীতকাল ১৭
ফ্যামিলি-৩ جَاهَدَ Perfect/অতীতকাল ১৯
ফ্যামিলি-৪ أَسْلَمَ Perfect/অতীতকাল ২১

2. PERFECT/অতীত কাল-কর্মবাচ্য (PASSIVE) ফর্ম

কর্মবাচ্য সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা ২৩
অতীত কালের ফি'লের কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য করার নিয়ম ২৩
ফ্যামিলি-১ : ضَرَبَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য ২৫
ফ্যামিলি-১ : نَصَرَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য ২৬
ফ্যামিলি-২ عَلَّمَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য ২৭

৩. IMPERFECT/বর্তমান বা ভবিষ্যৎ কাল-কর্তৃবাচ্য (ACTIVE) ফর্ম

Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল চেনার উপায় ২৮
ফ্যামিলি-১ فَتَحَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩১
ফ্যামিলি-১ ضَرَبَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩২
ফ্যামিলি-১ نَصَرَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩৩
ফ্যামিলি-২ عَلَّمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩৪
ফ্যামিলি-৩ جَاهَدَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩৫
ফ্যামিলি-৪ أَسْلَمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল ৩৬

৪. IMPERFECT/বর্তমান বা ভবিষ্যৎ কাল-কর্মবাচ্য (PASSIVE) ফর্ম

বর্তমান/ভবিষ্যৎ কালের ফি'লের কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য করার নিয়ম ৩৭

ফ্যামিলি-১ : ضَرَبَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য ৩৯

ফ্যামিলি-১ : نَصَرَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য ৪০

ফ্যামিলি-২ : عَلَّمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য ৪১

৫. ফি'লের লাইট ফর্ম

লাইট হারফ সম্পর্কে ধারণা ৪২

লাইট ফর্মের গঠন ৪৩

ফ্যামিলি-১ : ضَرَبَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম ৪৪

ফ্যামিলি-১ : نَصَرَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম ৪৫

ফ্যামিলি-১ : سَمِعَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম ৪৫

ফ্যামিলি-২ : عَلَّمَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম ৪৫

৬. ফি'লের লাইটেস্ট ফর্ম

লাইটেস্ট হারফ সম্পর্কে ধারণা ৪৬

লাইটেস্ট ফর্মের গঠন ৪৭

ফ্যামিলি-১ : ضَرَبَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম ৪৮

ফ্যামিলি-১ : نَصَرَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম ৪৯

ফ্যামিলি-১ : سَمِعَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম ৪৯

ফ্যামিলি-২ : عَلَّمَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম ৪৯

৭. ফি'লের নাহি ফর্ম

অনুজ্ঞাসূচক ফি'লের ধারণা ৫০

লাইটেস্ট ফর্ম থেকে ফি'লের নাহি ফর্ম ৫০

প্রতিটি ফ্যামিলির বহুল ব্যবহৃত দুটি ফি'লের নাহি ফর্ম ৫২

৮. ফি'লের আমর ফর্ম

ফ্যামিলি-১ ফি'ল নাহি থেকে ফি'লের আমর ফর্ম গঠন ৫৩

ফ্যামিলি (২-১০): ফি'ল নাহি থেকে ফি'লের আমর ফর্ম গঠন ৫৪

৯. ইসম ফাই'ল

ইসম ফাই'ল (اسم فاعل) গঠন ৫৮

বহুল ব্যবহৃত ইসম ফাই'লের উদাহরণ ৫৯

ইসম ফাই'লের ব্যতিক্রমী প্যাটার্ন ৬০

১০. ইসম মাফউল

ছোট ফ্যামিলির ইসম মাফউল গঠন ৬১
বড় ফ্যামিলির ইসম মাফউল গঠন ৬২

অনিয়মিত ছারফ (IRREGULAR SARF) ৬৩

বহুল ব্যবহৃত ফ্যামিলির মানচিত্র

فَتَحَ ফ্যামিলির মানচিত্র ৬৭
ضَرَبَ ফ্যামিলির মানচিত্র ৬৭
نَصَرَ ফ্যামিলির মানচিত্র ৬৮
سَمِعَ ফ্যামিলির মানচিত্র ৬৮
عَلَّمَ ফ্যামিলির মানচিত্র ৬৯
جَاهَدَ ফ্যামিলির মানচিত্র ৬৯
أَسْلَمَ ফ্যামিলির মানচিত্র ৭০
اِقْتَرَبَ ফ্যামিলির মানচিত্র ৭০

ক্রিয়াবাচক বাক্য গঠন-কর্তৃবাচ্য

ক্রিয়াবাচক বাক্যের উপাদানসমূহ ৭১
প্যাটার্ন -১ : ফি'ল + ফা'ইল + মাফউল ৭৪
প্যাটার্ন-২: ফি'ল + ফা'ইল + মুতাআল্লিক বিল ফি'ল ৭৬
প্যাটার্ন-৩: ফি'ল + মুতাআল্লিক বিল ফি'ল + ফা'ইল ৭৮
প্যাটার্ন-৪ : ফি'ল + মাফ'উল + মুতাআল্লিক বিল ফি'ল ৭৯
প্যাটার্ন-৫ : ফি'ল + মুতাআল্লিক বিল ফি'ল + মাফ'উল ৮০
প্যাটার্ন-৬: ফি'ল + ফা'ইল + মাফ'উল + মুতাআল্লিক বিল ফি'ল ৮৫
প্যাটার্ন-৭ : ফি'ল + ফা'ইল + মুতাআল্লিক বিল ফি'ল + মাফ'উল ৮৬
প্যাটার্ন -৮ : ফি'ল+মাফউলুন বিহি + মাফ'উল ৮৭
প্যাটার্ন-৯ : ফি'ল+মাফ'উলুন বিহি + মুতাআল্লিক বিল ফি'ল ৮৯
ক্রিয়াবাচক বাক্যের বিবিধ প্যাটার্ন ৯০

মিশ্র বাক্য

মিশ্র বাক্য প্যাটার্ন-১ : মুবতাদা + খবর (ক্রিয়াবাচক বাক্য) ৯৩
মিশ্র বাক্য প্যাটার্ন-২ : ফি'ল + মাফউল (নামমাত্র বাক্য) ৯৫

ক্রিয়াবাচক বাক্য গঠন-কর্মবাচ্য

মাফউল (হাল) + ফি'ল ৯৬
ফি'ল + মুতাআল্লিক বিল ফি'ল ৯৭
ফি'ল + নায়েবুল ফাই'ল ৯৭

ফি'ল + মুতাআল্লিক বিল ফি'ল + নায়েবুল ফাই'ল ৯৮
ফি'ল + নায়েবুল ফাই'ল + মুতাআল্লিক বিল ফি'ল ৯৮
মুতাআল্লিক বিল ফি'ল + ফি'ল ৯৮

ক্রিয়াবাচক বাক্য গঠন-আমর

ফি'ল আমর + মাফ'উল ৯৯
ফি'ল আমর + মুতাআল্লিক বিল ফি'ল ১০০
ফি'ল আমর + মুতাআল্লিক বিল ফি'ল + মাফ'উল ১০১
ফি'ল আমর +মাফ'উল + মুতাআল্লিক বিল ফি'ল ১০১
ফি'ল আমর+মাফ'উলুন বিহি + মুতাআল্লিক বিল ফি'ল ১০২
ফি'ল আমর+মাফ'উলুন বিহি + মাফ'উল + মুতাআল্লিক বিল ফি'ল ১০২
ফি'ল আমর+মাফ'উলুন বিহি + মাফ'উল ১০২

ক্রিয়াবাচক বাক্য গঠন-নাহি

ফি'ল নাহি + মাফ'উল ১০৩
ফি'ল নাহি + মুতাআল্লিক বিল ফি'ল ১০৪
ফি'ল নাহি + মুতাআল্লিক বিল ফি'ল + মাফ'উল ১০৫
ফি'ল নাহি +মাফ'উল + মুতাআল্লিক বিল ফি'ল ১০৬
ফি'ল নাহি+মাফ'উলুন বিহি + মুতাআল্লিক বিল ফি'ল ১০৬
ফি'ল নাহি+মাফ'উলুন বিহি + মাফ'উল ১০৬

ক্রিয়াবাচক বাক্যে লাইট ফর্মের ব্যবহার

লাইট ফর্মের সাথে أَنْ এর ব্যবহার ১০৭
লাইট ফর্মের সাথে لَنْ এর ব্যবহার ১০৮
লাইট ফর্মের সাথে لِكَيْ/لِ/كَيْ এর ব্যবহার ১০৯
লাইট ফর্মের সাথে حَتَّىٰ এর ব্যবহার ১১০

ক্রিয়াবাচক বাক্যে লাইটেস্ট ফর্মের ব্যবহার

লাইটেস্ট ফর্মের সাথে إِنْ এর ব্যবহার ১১১
লাইটেস্ট ফর্মের সাথে لَمْ এর ব্যবহার ১১২
লাইটেস্ট ফর্মের সাথে لِ, فَلْ, وَلْ এর ব্যবহার ১১৩

ক্রিয়াবাচক না-বোধক বাক্য গঠন

ক্রিয়াবাচক না-বোধক বাক্যের প্রকার ১১৪
অতীতকাল (Perfect Tense) না-বোধক ১১৫
বর্তমানকাল (Present Tense) না-বোধক ১১৬
ভবিষ্যৎকাল (Future Tense) না-বোধক ১১৭

ছারফ / Sarf / صَرْفٌ সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা

ছারফ (Sarf / صَرْفٌ) আরবি ব্যাকরণের একটি গুরুত্বপূর্ণ শাখা, যা ক্রিয়াপদ (Verb / ফি'ল / فعل) এর রূপ ও রূপান্তর (Conjugation) নিয়ে আলোচনা করে।

আরবি ভাষায় ক্রিয়াপদ সাধারণত তিনটি মূল বর্ণ (Root Letters) দিয়ে গঠিত হয়, এবং কিছু কিছু ক্ষেত্রে চারটি মূল বর্ণ দিয়েও গঠিত হতে পারে। এই মূল বর্ণগুলির নির্দিষ্ট বিন্যাস ও ফ্যামিলি অনুযায়ী ক্রিয়ার অর্থ পরিবর্তিত হয়।

একইভাবে, ক্রিয়াপদের পরিবার (Verb Family/Pattern) নতুন ক্রিয়াপদ তৈরির একটি গুরুত্বপূর্ণ উপাদান। আরবি ভাষায় সাধারণত দশটি প্রধান ক্রিয়াপদ পরিবার রয়েছে এবং প্রতিটি পরিবারের নিজস্ব একটি নির্দিষ্ট প্যাটার্ন থাকে, যা ব্যবহার করে একই মূল বর্ণ থেকে বিভিন্ন রূপের নতুন ক্রিয়াপদ তৈরি করা যায়।

উদাহরণস্বরূপ, "نَصَرَ" (তিনি সাহায্য করেছেন) ক্রিয়াপদের পরিবারের কাঠামো ব্যবহার করে আরও অনেক ক্রিয়াপদ তৈরি করা যায় — যেমন: "كَتَبَ" (তিনি লিখেছেন), "بَلَغَ" (তিনি পৌঁছেছেন), "حَكَمَ" (তিনি বিচার করেছেন) ইত্যাদি।

আরও একটি উদাহরণ ধরা যাক: মূল বর্ণসমূহ ك ت ب (লিখা) থেকে গঠিত হতে পারে — كِتَابٌ (কিতাব / বই), مَكْتَبٌ (মাক্তাব / অফিস বা লাইব্রেরি), كَتَبَ (তিনি লিখেছেন), يَكْتُبُ (তিনি লেখেন) — এভাবে অসংখ্য শব্দ।

এটাকে আপনি একটি পপ কর্ন মেকার বা ডো (dough) এর সাথে তুলনা করতে পারেন—যেমন পপ কর্ন মেকারে ভুট্টা দিলে অনেক পপ কর্ন বের হয়, আবার একজন বেকার একই ডো দিয়ে বিস্কুট, কেক, রুটি ইত্যাদি তৈরি করতে পারেন; তেমনি আরবি ভাষায় মাত্র তিনটি মূল বর্ণ (Root Letters) ও নির্দিষ্ট ফ্যামিলি ব্যবহার করে ২০০-র বেশি ভিন্ন শব্দ তৈরি করা সম্ভব।

ক্রিয়ার গঠন ও রূপ

ছারফ/Sarf/صَرْفٌ শিখার পূর্বশর্ত

প্রথমত, ছারফ (Sarf / صَرْفٌ) শিখতে হলে আমাদের মূল বর্ণ (Root Letters) সম্পর্কে পরিষ্কার ধারণা থাকতে হবে। মূল বর্ণ আসলে বেশ সহজ একটি বিষয়। প্রতিটি ফি'ল (ক্রিয়া)-এর মধ্যে সাধারণত তিনটি মূল বর্ণ থাকে। তবে কিছু ব্যতিক্রমী ফি'ল রয়েছে, যেখানে চারটি মূল বর্ণ থাকে — এগুলো আমরা আপাতত আলোচনা করবো না। এই মূল বর্ণগুলি আরবি বর্ণমালার ২৮টি হরফের যেকোনোটি হতে পারে।

خ	ح	ج	ث	ت	ب	أ
ص	ش	س	ز	ر	ذ	د
ق	ف	غ	ع	ظ	ط	ض
ي	و	هـ	ن	م	ل	ك

সারণি : মূল বর্ণ (Root Letters)

দ্বিতীয়ত, বুঝতে হবে একটি ফি'ল কোন ফ্যামিলি-র অন্তর্ভুক্ত। প্রতিটি ফি'ল কোনো না কোনো ফ্যামিলির অন্তর্ভুক্ত। পবিত্র কুরআনের ব্যাকরণ শেখার জন্য আমরা দুটি ধরণের ফ্যামিলি শিখবো —

- ছোট ফ্যামিলি
- বড় ফ্যামিলি

ছোট ফ্যামিলির মধ্যে মোট ছয়টি সদস্য রয়েছে। এই সদস্যগুলির গঠনগত অনেক মিল থাকায় এগুলোকে ছোট ফ্যামিলির অন্তর্ভুক্ত করা হয়েছে। আমরা ছোট ফ্যামিলির প্রতিটি সদস্যকে ঐ ফ্যামিলির একটি পরিচিত ফি'ল দিয়ে মনে রাখবো।

- ফ্যামিলি -১ : فَتَحَ (খোলা/বিজয় করা)
- ফ্যামিলি -১ : ضَرَبَ (আঘাত করা)
- ফ্যামিলি -১ : نَصَرَ (সাহায্য করা)
- ফ্যামিলি -১ : سَمِعَ (শুনা)
- ফ্যামিলি -১ : حَسِبَ (হিসাব করা)
- ফ্যামিলি -১ : كَرُمَ (সম্মানিত হওয়া)

একইভাবে বড় ফ্যামিলির মধ্যে নিম্নলিখিত সদস্য আছে যা ঐ ফ্যামিলির অনেক পরিচিত একটি ফি'ল দিয়ে মনে রাখবো।

- ফ্যামিলি -২ : عَلَّمَ (শিক্ষা দেয়া)
- ফ্যামিলি -৩ : جَاهَدَ (প্রানপন চেষ্টা করা/সংগ্রাম করা)
- ফ্যামিলি -৪ : اَسْلَمَ (আত্মসমর্পণ করা)
- ফ্যামিলি -৫ : تَعَلَّمَ (জ্ঞান অর্জন করা)
- ফ্যামিলি -৬ : تَسَاءَلَ (পরস্পরকে জিজ্ঞেস করা)
- ফ্যামিলি -৭ : اِنْقَلَبَ (পরিবর্তন করা/মোড় নেয়া)
- ফ্যামিলি -৮ : اِسْتَمَعَ (মনোযোগ দিয়ে শুনা)
- ফ্যামিলি -১০ : اِسْتَكْبَرَ (অহংকার করা)

তৃতীয়ত, ফি'ল শেখার জন্য আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় হল মুক্ত সর্বনাম। কারণ আরবি ব্যাকরণে প্রতিটি ফি'লের মধ্যে একটি নির্দিষ্ট মুক্ত সর্বনাম লুকানো থাকে, যা বাক্যের প্রেক্ষাপট অনুযায়ী কর্তা (Subject) হিসেবে কাজ করে। উদাহরণস্বরূপ, ضَرَبَ একটি ফি'ল, যার মধ্যে هُوَ (সে) সর্বনামটি লুকানো আছে। সুতরাং ضَرَبَ ফি'লটির অর্থ দাঁড়ায় —

"সে আঘাত করেছে" অথবা "সে আঘাত করেছিল"।

এই কারণে আরবি ব্যাকরণে প্রতিটি ফি'ল নিজেই একটি পূর্ণ বাক্য হতে পারে। এটি ইংরেজি অনুজ্ঞাসূচক বাক্যের (imperative sentence) সাথে কিছুটা মিল রয়েছে। উদাহরণস্বরূপ, ইংরেজিতে আমরা বলি: Come here.

এখানে কর্তা (Subject) স্পষ্টভাবে লেখা নেই, কিন্তু আমরা জানি যে একটি লুকানো সর্বনাম (You / তুমি / তোমরা) কর্তা হিসেবে কাজ করছে।

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ	هُمَا	هُوَ
তারা	তারা (দুজন)	সে
هُنَّ	هُمَا	هِيَ
তারা	তারা (দুজন)	সে
أَنْتُمْ	أَنْتُمَا	أَنْتَ
তোমরা	তোমরা (দুজন)	তুমি
أَنْتُنَّ	أَنْتُمَا	أَنْتِ
তোমরা	তোমরা (দুজন)	তুমি
نَحْنُ		أَنَا
আমরা		আমি

সারণি : মুক্ত সর্বনাম (Detached Pronoun/ الضَّمِيرُ الْمُنْفَصِلُ)

ফ্যামিলিগুলো সহজে মনে রাখার উপায়

ফ্যামিলি -১ /ছোট ফ্যামিলির অন্তর্ভুক্ত ৬ টি সদস্য

ছোট ফ্যামিলিগুলো বাস্তবেই কিছুটা "ছোট", কারণ এই ফ্যামিলির প্রথম সদস্যের ফি'লগুলোর মূল বর্ণের বাইরে কোনো অতিরিক্ত হরফ থাকে না। নিচের গল্পের মাধ্যমে ফ্যামিলি-**১** / ছোট ফ্যামিলির ৬টি সদস্য সহজেই মনে রাখা যায়:

ঘুমানোর আগে একজন ঈমানদার ঘরের জানালা খুলল (**فَتَحَ**) এবং স্থির দৃষ্টিতে জোৎস্না-স্নাত আকাশের দিকে চেয়ে ভাবছিল, আজ কয়জনকে সে আঘাত করলো (**ضَرَبَ**) এবং কয়জনকে সাহায্য করলো (**نَصَرَ**)। হঠাৎ সে তার বিবেকের চিৎকার শুনলো (**سَمِعَ**) — "হ্যাঁ, হ্যাঁ, তোমার কর্মের রেকর্ড পড়ো। আরে, বুদ্ধিমান তো তারা যারা দুনিয়ায় নিজের কাজের হিসাব করলো (**حَسَبَ**) এবং আখিরাতে সম্মানিত হলো (**كَرُمَ**)।"

অতঃপর সে গুনে গুনে ভুলগুলোর জন্য আল্লাহর কাছে ক্ষমা চাইল এবং ভালো কাজের জন্য শুকরিয়া জানিয়ে ঘুমিয়ে পড়লো।

বড় ফ্যামিলির অন্তর্ভুক্ত ৮ টি সদস্য

বড় ফ্যামিলিগুলো বাস্তবেই কিছুটা "বড়", কারণ এই ফ্যামিলির প্রথম সদস্যের ফি'লগুলোর মূল বর্ণের বাইরে এক বা একাধিক অতিরিক্ত হরফ থাকে। নিচের গল্পের মাধ্যমে বড় ফ্যামিলির ৮টি সদস্য সহজেই মনে রাখা যায়:

ঘুম ভেঙে ফজরের সালাত পড়ে প্রশান্ত চিত্তে মুমিন ব্যক্তি লোকদের আল্লাহর একত্ববাদের জ্ঞান শিক্ষা দিলো (**عَلَّمَ**) এবং নিরন্তর জ্ঞান বিতরণের প্রচেষ্টা করেই গেলো (**جَاهَدَ**)। এভাবেই ঈমান ও আ'মলের মাধ্যমে সে আল্লাহর নিকট আত্মসমর্পণ করলো (**اَسْلَمَ**)। মুমিন ব্যক্তি তার ঈমানের পূর্ণতার জন্য জ্ঞান অর্জন করতে থাকলো (**تَعَلَّمَ**)। তার জ্ঞান সর্বত্র ছড়িয়ে পড়লো এবং লোকেরা এটা সম্পর্কে পরস্পরকে জিজ্ঞেস করলো (**تَسَاءَلَ**)। তারা নিজেদের হৃদয়কে পরিবর্তন করলো (**اِنْقَلَبَ**) এবং আল-কুরআনের বাণী মনোযোগ দিয়ে শুনলো (**اِسْتَمَعَ**)। অতঃপর তারা সতর্ক হলো সেই শয়তান থেকে যে অহংকার করলো (**اِسْتَكْبَرَ**) এবং অভিশপ্ত হলো।

ফ্যামিলিগুলোর মধ্যে মিল ও অমিল

ফ্যামিলিগুলোর মধ্যে কিছু মিল ও অমিল আছে যা লক্ষ্য করলে খুব সহজে ফ্যামিলিগুলো আমরা মনে রাখতে পারি। চলুন নিচের টেবিলে থেকে ব্যাপারটা বুঝার চেষ্টা করি :

ফ্যামিলির নাম	Root Letters	প্রথম সদস্য	মন্তব্য
ফ্যামিলি -১	ف ع ل	فَعَلَ	গঠনগত মিলের কারণে ফ্যামিলি ১ এর একটি উদাহরণ নেয়া হল
ফ্যামিলি -২	ف ع ل	فَعَّلَ	মাঝখানের ع Root Letter টি দুবার এসেছে
ফ্যামিলি-৩	ف ع ل	فَاعَلَ	প্রথম Root Letter ف এর পরে একটি খালি আলিফ এসেছে
ফ্যামিলি-৪	ف ع ل	أَفْعَلَ	প্রথম Root Letter ف এর আগে হামযাহ أَ হরফ এসেছে
ফ্যামিলি-৫	ف ع ل	تَفَعَّلَ	ফ্যামিলি ২ এর সাথে ৩ অর্থাৎ تَ হরফ যুক্ত হয়েছে
ফ্যামিলি-৬	ف ع ل	تَفَاعَلَ	ফ্যামিলি ৩ এর সাথে ৩ অর্থাৎ تَ হরফ যুক্ত হয়েছে
ফ্যামিলি-৭	ف ع ل	اِنْفَعَلَ	ফ্যামিলি ১ এর সাথে اِنْ যুক্ত হয়েছে
ফ্যামিলি-৮	ف ع ل	اِفْتَعَلَ	ফ্যামিলি ১ এর সাথে technically اِ تَ যুক্ত হয়েছে
ফ্যামিলি-১০	ف ع ل	اِسْتَفْعَلَ	ফ্যামিলি ১ এর সাথে اِسْتَ যুক্ত হয়েছে

সারণি : ফ্যামিলিগুলোর মধ্যে মিল ও অমিল

ফ্যামিলির গুরুত্বপূর্ণ ফর্মের পরিচিতি

"ফ্যামিলি" নামটি শুনলে আমাদের মাথায় কিছু সদস্যের নাম আসে, যেমন মা, বাবা, ভাই, বোন, দাদা, দাদি, নাতি, নাতনী ইত্যাদি। আরবি ব্যাকরণেও প্রতিটি ফ্যামিলির কিছু সাধারণ সদস্য থাকে। যেহেতু পরিবারের প্রতিটি সদস্য একই পরিমাণ ভূমিকা পালন করে না, তাই আমরা প্রতিটি ফ্যামিলির গুরুত্বপূর্ণ সদস্যদের সাথে পরিচিত হব, ইনশা আল্লাহ।



উদাহরণ হিসেবে, যথেচ্ছভাবে (randomly) ফ্যামিলি-১ ضَرَبَ নেওয়া হল:

৫ লাইট/منصوب	৩ বর্তমান/ভবিষ্যৎ/المضارع	১ অতীত/الماضي
يَضْرِبَ	يَضْرِبُ	ضَرَبَ
৬ লাইটেস্ট/مجزوم	৪ Passive (বর্তমান/ভবিষ্যৎ)	২ Passive (অতীত)
يَضْرِبْ	يُضْرَبُ	ضُرِبَ
৭ অনুজ্ঞাসূচক নিষেধ/نَهْي		৮ অনুজ্ঞাসূচক আদেশ/أَمْر
لاَ تَضْرِبْ		إِضْرِبْ
১০ ইসম মাফউল/اسم المفعول		৯ ইসম ফাই'ল/اسم فاعل
مَضْرُوْبٌ		ضَارِبٌ

সারণি : ضَرَبَ ফ্যামিলির ১০ টি গুরুত্বপূর্ণ ফর্ম

পরবর্তীতে প্রতিটা ফর্ম নিয়ে আলাদা করে বিস্তারিত পড়বো ইন শা আল্লাহ।

আরবি ব্যাকরণে কাল/Tense-এর ধারণা

আরবি ব্যাকরণে কালের ধারণা তুলনামূলকভাবে অনেক সহজ। এখানে ফি'লগুলো (Action Verb/ক্রিয়াপদ) মূলত দুটি ভাগে বিভক্ত:

১. Perfect/অতীত (الماضي) – কাজটি সম্পন্ন হয়েছে

২. Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ (المضارع) – কাজটি এখনও সম্পন্ন হয়নি



অর্থাৎ, আপনি যেকোন একটি Point of time থেকে বিবেচনা করবেন কাজটি কি সম্পন্ন হয়েছে, নাকি এখনো বাকি আছে।

- যদি কাজটি সম্পন্ন হয়ে থাকে → Perfect/অতীত কাল (**الماضي**)
- যদি কাজটি সম্পন্ন না হয়ে থাকে → Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল (**المضارع**)

এখন প্রশ্ন হতে পারে, কালের অন্যান্য পার্থক্য কীভাবে বোঝা যাবে। উত্তর হল: Context, কিছু উপসর্গ/Prefix এবং সূচক/Indicator রয়েছে, যার মাধ্যমে বর্তমান কাল থেকে ভবিষ্যৎ কালের পার্থক্য বোঝা যায়।

এছাড়া Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালে অনুজ্ঞাসূচক বাক্য পাওয়া যায়, অর্থাৎ কাউকে কোনো কিছু করতে আদেশ, নিষেধ বা অনুরোধ প্রকাশে ব্যবহৃত হয়।

১. PERFECT/অতীত কাল কর্তৃবাচ্য (ACTIVE) ফর্ম

প্রথম ধাপে আমরা প্রতিটি ফ্যামিলির প্রথম এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ ফর্ম সম্পর্কে বিস্তারিতভাবে শিখবো। প্রথম সদস্য হল Perfect/অতীত কালের **১৪**টি ফর্ম। **১৪**টি ফর্ম থাকছে কারণ প্রতিটি সর্বনামের জন্য আলাদা ফর্ম থাকে, যদিও কখনও কখনও দুই বা ততোধিক ফর্ম দেখতে একরকম মনে হতে পারে।

ফ্যামিলি-১ فَتَحَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ فَتَحُوْا	هُمَا فَتَحَا	هُوَ فَتَحَ
তারা বিজয় করেছে	তারা (দুজন) বিজয় করেছে	সে বিজয় করেছে
هُنَّ فَتَحْنَ	هُمَا فَتَحَتَا	هِيَ فَتَحَتْ
তারা বিজয় করেছে	তারা (দুজন) বিজয় করেছে	সে বিজয় করেছে
أَنْتُمْ فَتَحْتُمْ	أَنْتُمَا فَتَحْتُمَا	أَنْتَ فَتَحْتَ
তোমরা বিজয় করেছো	তোমরা (দুজন) বিজয় করেছো	তুমি বিজয় করেছো
أَنْتُنَّ فَتَحْتُنَّ	أَنْتُمَا فَتَحْتُمَا	أَنْتِ فَتَحْتِ
তোমরা বিজয় করেছো	তোমরা (দুজন) বিজয় করেছো	তুমি বিজয় করেছো
نَحْنُ فَتَحْنَا		أَنَا فَتَحْتُ
আমরা বিজয় করেছি		আমি বিজয় করেছি

একই নিয়মে, ফ্যামিলি-**১** (**فَتَحَ**)-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

فَتَحَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-১ (فَتَحَ) ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
খোলা/বিজয় করা	يَفْتَحُ	فَتَحَ
করা	يَفْعَلُ	فَعَلَ
পাঠানো	يَبْعَثُ	بَعَثَ
বানানো	يَجْعَلُ	جَعَلَ
জড়ো করা	يَجْمَعُ	جَمَعَ
যাওয়া	يَذْهَبُ	ذَهَبَ
উঁচু করা / উঠানো	يَرْفَعُ	رَفَعَ
জাদু করা	يَسْحَرُ	سَحَرَ
ভালো হওয়া	يَصْلَحُ	صَلَحَ
অভিশাপ দেওয়া	يَلْعَنُ	لَعَنَ
নিষেধ করা	يَمْنَعُ	مَنَعَ
উপকার করা	يَنْفَعُ	نَفَعَ

ফ্যামিলি-১: ضَرَبَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ ضَرَبُوْا	هُمَا ضَرَبَا	هُوَ ضَرَبَ
তারা আঘাত করেছে	তারা (দুজন) আঘাত করেছে	সে আঘাত করেছে
هُنَّ ضَرَبْنَ	هُمَا ضَرَبَتَا	هِيَ ضَرَبَتْ
তারা আঘাত করেছে	তারা (দুজন) আঘাত করেছে	সে আঘাত করেছে
أَنْتُمْ ضَرَبْتُمْ	أَنْتُمَا ضَرَبْتُمَا	أَنْتَ ضَرَبْتَ
তোমরা আঘাত করেছো	তোমরা (দুজন) আঘাত করেছো	তুমি আঘাত করেছো
أَنْتُنَّ ضَرَبْتُنَّ	أَنْتُمَا ضَرَبْتُمَا	أَنْتِ ضَرَبْتِ
তোমরা আঘাত করেছো	তোমরা (দুজন) আঘাত করেছো	তুমি আঘাত করেছো
نَحْنُ ضَرَبْنَا		أَنَا ضَرَبْتُ
আমরা আঘাত করেছি		আমি আঘাত করেছি

একই নিয়মে, ফ্যামিলি-**১** (**ضَرَبَ**)-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ضَرَبَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**১** (ضَرَبَ) ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
আঘাত করা	يَضْرِبُ	ضَرَبَ
বহন করা	يَحْمِلُ	حَمَلَ
অগ্রসর হওয়া	يَسْبِقُ	سَبَقَ
ফিরে আসা	يَرْجِعُ	رَجَعَ
ধৈর্য ধারণ করা	يَصْبِرُ	صَبَرَ
জুলুম করা	يَظْلِمُ	ظَلَمَ
চিনতে পারা	يَعْرِفُ	عَرَفَ
উপলব্ধি করা	يَعْقِلُ	عَقَلَ
ক্ষমা করা	يَغْفِرُ	غَفَرَ
নির্ধারণ করা	يَقْدِرُ	قَدَرَ
মিথ্যা বলা	يَكْذِبُ	كَذَبَ
উপার্জন করা	يَكْسِبُ	كَسَبَ

ফ্যামিলি-১: نَصَرَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ نَصَرُوا	هُمَا نَصَرَا	هُوَ نَصَرَ
তারা সাহায্য করেছে	তারা (দুজন) সাহায্য করেছে	সে সাহায্য করেছে
هُنَّ نَصَرْنَ	هُمَا نَصَرَتَا	هِيَ نَصَرَتْ
তারা সাহায্য করেছে	তারা (দুজন) সাহায্য করেছে	সে সাহায্য করেছে
أَنْتُمْ نَصَرْتُمْ	أَنْتُمَا نَصَرْتُمَا	أَنْتَ نَصَرْتَ
তোমরা সাহায্য করেছো	তোমরা (দুজন) সাহায্য করেছো	তুমি সাহায্য করেছো
أَنْتُنَّ نَصَرْتُنَّ	أَنْتُمَا نَصَرْتُمَا	أَنْتِ نَصَرْتِ
তোমরা সাহায্য করেছো	তোমরা (দুজন) সাহায্য করেছো	তুমি সাহায্য করেছো
نَحْنُ نَصَرْنَا		أَنَا نَصَرْتُ
আমরা সাহায্য করেছি		আমি সাহায্য করেছি

একই নিয়মে, ফ্যামিলি-**১** (**نَصَرَ**)-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

نَصَرَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**১** (نَصَرَ) ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
সাহায্য করা	يَنْصُرُ	نَصَرَ
পৌঁছানো	يَبْلُغُ	بَلَغَ
বিস্তৃত করা	يَبْسُطُ	بَسَطَ
ত্যাগ করা	يَتْرُكُ	تَرَكَ
একত্রিত করা	يَحْشُرُ	حَشَرَ
বিচার করা	يَحْكُمُ	حَكَمَ
বের হওয়া	يَخْرُجُ	خَرَجَ
চিরকাল অবস্থান করা	يَخْلُدُ	خَلَدَ
সৃষ্টি করা	يَخْلُقُ	خَلَقَ
প্রবেশ করা	يَدْخُلُ	دَخَلَ
স্মরণ করা	يَذْكُرُ	ذَكَرَ
রিজিক দেওয়া	يَرْزُقُ	رَزَقَ
সিজদা করা	يَسْجُدُ	سَجَدَ

ফ্যামিলি-১: سَمِعَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ سَمِعُوا	هُمَا سَمِعَا	هُوَ سَمِعَ
তারা শুনেছে	তারা (দুজন) শুনেছে	সে শুনেছে
هُنَّ سَمِعْنَ	هُمَا سَمِعَتَا	هِيَ سَمِعَتْ
তারা শুনেছে	তারা (দুজন) শুনেছে	সে শুনেছে
أَنْتُمْ سَمِعْتُمْ	أَنْتُمَا سَمِعْتُمَا	أَنْتَ سَمِعْتَ
তোমরা শুনেছো	তোমরা (দুজন) শুনেছো	তুমি শুনেছো
أَنْتُنَّ سَمِعْتُنَّ	أَنْتُمَا سَمِعْتُمَا	أَنْتِ سَمِعْتِ
তোমরা শুনেছো	তোমরা (দুজন) শুনেছো	তুমি শুনেছো
نَحْنُ سَمِعْنَا		أَنَا سَمِعْتُ
আমরা শুনেছি		আমি শুনেছি

একই নিয়মে, ফ্যামিলি-**১** (**سَمِعَ**)-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

سَمِعَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**১** (**سَمِعَ**) ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
শোনা	يَسْمَعُ	سَمِعَ
দুঃখিত হওয়া	يَحْزَنُ	حَزِنَ
ভাবা / বিবেচনা করা	يَحْسَبُ	حَسِبَ
সংরক্ষণ করা / রক্ষা করা	يَحْفَظُ	حَفِظَ
ক্ষতিগ্রস্ত হওয়া	يَخْسَرُ	خَسِرَ
দয়া / করুণা করা	يَرْحَمُ	رَحِمَ
সাক্ষ্য দেওয়া / উপস্থিত থাকা	يَشْهَدُ	شَهِدَ
জানা	يَعْلَمُ	عَلِمَ
কাজ করা	يَعْمَلُ	عَمِلَ
গভীরভাবে বুঝা	يَفْقَهُ	فَقِهَ
আনন্দিত হওয়া	يَفْرَحُ	فَرِحَ
অপছন্দ করা	يَكْرَهُ	كَرِهَ
অবস্থান করা	يَلْبَثُ	لَبِثَ

ফ্যামিলি-২ : عَلَّمَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ عَلَّمُوا	هُمَا عَلَّمَا	هُوَ عَلَّمَ
তারা শিক্ষা দিয়েছে	তারা (দুজন) শিক্ষা দিয়েছে	সে শিক্ষা দিয়েছে
هُنَّ عَلَّمْنَ	هُمَا عَلَّمَتَا	هِيَ عَلَّمَتْ
তারা শিক্ষা দিয়েছে	তারা (দুজন) শিক্ষা দিয়েছে	সে শিক্ষা দিয়েছে
أَنْتُمْ عَلَّمْتُمْ	أَنْتُمَا عَلَّمْتُمَا	أَنْتَ عَلَّمْتَ
তোমরা শিক্ষা দিয়েছো	তোমরা (দুজন) শিক্ষা দিয়েছো	তুমি শিক্ষা দিয়েছো
أَنْتُنَّ عَلَّمْتُنَّ	أَنْتُمَا عَلَّمْتُمَا	أَنْتِ عَلَّمْتِ
তোমরা শিক্ষা দিয়েছো	তোমরা (দুজন) শিক্ষা দিয়েছো	তুমি শিক্ষা দিয়েছো
نَحْنُ عَلَّمْنَا		أَنَا عَلَّمْتُ
আমরা শিক্ষা দিয়েছি		আমি শিক্ষা দিয়েছি

একই নিয়মে, ফ্যামিলি-**২ : (عَلَّمَ)** -এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

عَلَّمَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**২** (**عَلَّمَ**) ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
শিক্ষা দেওয়া	يُعَلِّمُ	عَلَّمَ
পরিবর্তন করা	يُبَدِّلُ	بَدَّلَ
সুসংবাদ দেওয়া	يُبَشِّرُ	بَشَّرَ
স্পষ্ট করা	يُبَيِّنُ	بَيَّنَ
হারাম করা	يُحَرِّمُ	حَرَّمَ
স্মরণ করানো	يُذَكِّرُ	ذَكَّرَ
সাজানো	يُزَيِّنُ	زَيَّنَ
প্রশংসা করা	يُسَبِّحُ	سَبَّحَ
নিয়ন্ত্রণে আনা	يُسَخِّرُ	سَخَّرَ
সত্য বলে ঘোষণা করা	يُصَدِّقُ	صَدَّقَ
পরিশুদ্ধ করা	يُطَهِّرُ	طَهَّرَ
শাস্তি দেওয়া	يُعَذِّبُ	عَذَّبَ
ব্যাখ্যা করা	يُفَصِّلُ	فَصَّلَ

ফ্যামিলি-৩ : جَاهَدَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ جَاهَدُوا	هُمَا جَاهَدَا	هُوَ جَاهَدَ
তারা সংগ্রাম করেছে	তারা (দুজন) সংগ্রাম করেছে	সে সংগ্রাম করেছে
هُنَّ جَاهَدْنَ	هُمَا جَاهَدَتَا	هِيَ جَاهَدَتْ
তারা সংগ্রাম করেছে	তারা (দুজন) সংগ্রাম করেছে	সে সংগ্রাম করেছে
أَنْتُمْ جَاهَدْتُمْ	أَنْتُمَا جَاهَدْتُمَا	أَنْتَ جَاهَدْتَ
তোমরা সংগ্রাম করেছো	তোমরা (দুজন) সংগ্রাম করেছো	তুমি সংগ্রাম করেছো
أَنْتُنَّ جَاهَدْتُنَّ	أَنْتُمَا جَاهَدْتُمَا	أَنْتِ جَاهَدْتِ
তোমরা সংগ্রাম করেছো	তোমরা (দুজন) সংগ্রাম করেছো	তুমি সংগ্রাম করেছো
نَحْنُ جَاهَدْنَا		أَنَا جَاهَدْتُ
আমরা সংগ্রাম করেছি		আমি সংগ্রাম করেছি

একই নিয়মে, ফ্যামিলি-**৩ (جَاهَدَ)**-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

جَاهَدَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনের বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**৩: جَاهَدَ** ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
প্রানপণ চেষ্টা করা	يُجَاهِدُ	جَاهَدَ
বরকত দেওয়া	يُبَارِكُ	بَارَكَ
তর্ক করা	يُجَادِلُ	جَادَلَ
হিসাব নেওয়া	يُحَاسِبُ	حَاسَبَ
গুণ বৃদ্ধি করা	يُضَاعِفُ	ضَاعَفَ
যুদ্ধ করা	يُقَاتِلُ	قَاتَلَ
মুনাফিক হওয়া/ কপটতা করা	يُنَافِقُ	نَافَقَ
হিজরত করা	يُهَاجِرُ	هَاجَرَ

ফ্যামিলি-8 : أَسْلَمَ Perfect/অতীত কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ أَسْلَمُوا	هُمَا أَسْلَمَا	هُوَ أَسْلَمَ
তারা আত্মসমর্পণ করেছে	তারা (দুজন) আত্মসমর্পণ করেছে	সে আত্মসমর্পণ করেছে
هُنَّ أَسْلَمْنَ	هُمَا أَسْلَمَتَا	هِيَ أَسْلَمَتْ
তারা আত্মসমর্পণ করেছে	তারা (দুজন) আত্মসমর্পণ করেছে	সে আত্মসমর্পণ করেছে
أَنْتُمْ أَسْلَمْتُمْ	أَنْتُمَا أَسْلَمْتُمَا	أَنْتَ أَسْلَمْتَ
তোমরা আত্মসমর্পণ করেছো	তোমরা (দুজন) আত্মসমর্পণ করেছো	তুমি আত্মসমর্পণ করেছো
أَنْتُنَّ أَسْلَمْتُنَّ	أَنْتُمَا أَسْلَمْتُمَا	أَنْتِ أَسْلَمْتِ
তোমরা আত্মসমর্পণ করেছো	তোমরা (দুজন) আত্মসমর্পণ করেছো	তুমি আত্মসমর্পণ করেছো
نَحْنُ أَسْلَمْنَا		أَنَا أَسْلَمْتُ
আমরা আত্মসমর্পণ করেছি		আমি আত্মসমর্পণ করেছি

একই নিয়মে, ফ্যামিলি-**8 : أَسْلَمَ** -এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

أَسْلَمَ ফ্যামিলির অনুশীলনের জন্য শব্দ তালিকা

পুর্বোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত অতীত কালের ক্রিয়াগুলো ব্যবহার করে ফ্যামিলি-**৪: أَسْلَمَ** ফ্যামিলির Perfect/অতীত কাল কর্তৃবাচ্য **১৪** টি ফর্ম তৈরি করবো।

বাংলা অর্থ	বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল
আত্মসমর্পণ করা	يُسْلِمُ	أَسْلَمَ
দেখা / পর্যবেক্ষণ করা	يُبْصِرُ	أَبْصَرَ
উত্তমরূপে করা	يُحْسِنُ	أَحْسَنَ
বাইরে আনা	يُخْرِجُ	أَخْرَجَ
খাঁটি হওয়া	يُخْلِصُ	أَخْلَصَ
প্রবেশ করানো	يُدْخِلُ	أَدْخَلَ
পাঠানো	يُرْسِلُ	أَرْسَلَ
অপব্যয় করা	يُسْرِفُ	أَسْرَفَ
শুনানো	يُسْمِعُ	أَسْمَعَ
শরিক বানানো	يُشْرِكُ	أَشْرَكَ
হওয়া	يُصْبِحُ	أَصْبَحَ
সংস্কার করা	يُصْلِحُ	أَصْلَحَ
মুখ ফিরিয়ে নেওয়া	يُعْرِضُ	أَعْرَضَ

২. PERFECT/অতীত কাল-কর্মবাচ্য (PASSIVE) ফর্ম

দ্বিতীয় ধাপে আমরা প্রতিটি ফ্যামিলির দ্বিতীয় গুরুত্বপূর্ণ ফর্ম কর্মবাচ্য (Passive) ফর্ম সম্পর্কে শিখবো। এই সদস্য হল Perfect/অতীত কালের কর্মবাচ্য (Passive) ফর্ম।

কর্মবাচ্য সম্পর্কে পরিচিতিমূলক আলোচনা

আরবিতে কর্মবাচ্য (Passive) ফর্ম ব্যবহৃত হয় যখন কাজের কর্তার উপর জোর না দিয়ে বরং কাজটির গুরুত্ব দেয়া হয়। এসব ক্ষেত্রে কর্তার পরিচয় গোপন/উহ্য থাকে। আমরাও আমাদের দৈনন্দিন কথোপকথনে মাঝে মাঝে এ ধরনের কর্মবাচ্য বাক্য ব্যবহার করি। যেমন:

- এই বাড়িটি প্রতি বছর রং করা হয়।
- আমাদের গাড়ি প্রায় প্রতি মাসে গ্যারেজে পাঠানো হয়।

এখানে লক্ষ্য করুন, কে বাড়িটি রং করে তা বলা হয়নি, কে গাড়ি গ্যারেজে পাঠায় তাও উল্লেখ করা হয়নি। কিন্তু কাজটি ঘটেছে এবং নিয়মিতভাবে ঘটে – সেটিই মূল বক্তব্য।

যেমন কর্তৃবাচ্য ফর্মে প্রতিটি সর্বনামের জন্য আলাদা ফর্ম থাকে, কর্মবাচ্য ফর্মেও প্রতিটি সর্বনামের জন্য নির্দিষ্ট ফর্ম রয়েছে। যদিও কখনো কখনো কখনো একাধিক ফর্ম দেখতে একইরকম মনে হতে পারে, তবুও তাদের ব্যাকরণগত ব্যবহার আলাদা।

অতীত কালের ফি'লের কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য করার নিয়ম

- ফি'ল-এর হরফগুলো অপরিবর্তিত রাখব।
- শেষ হরফে থাকা হারাকাহ্ পরিবর্তন করা হবে না।
- কোনো হরফে জজম/সুকুন থাকলে সেটিও অপরিবর্তিত থাকবে।
- শেষ থেকে দ্বিতীয় হরফে জের/কাসরা হারাকাহ্ যোগ করা হবে।
- প্রথম হরফ থেকে দ্বিতীয় শেষ হরফ পর্যন্ত পেশ/দম্মাহ হারাকাহ্ থাকবে (ব্যতিক্রম: জজম/সুকুন থাকলে অপরিবর্তিত)।

সংক্ষেপে:

- কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য রূপান্তরের সময় নির্দিষ্ট হরফে হারাকাহ্ পরিবর্তন হবে।
- বাকি হরফ ও জজম/সুকুন অপরিবর্তিত থাকবে।

অতীতকাল		ছোট ফ্যামিলি
কর্মবাচ্য ফর্ম	কর্তৃবাচ্য ফর্ম	
فُتِحَ	فَتَحَ	ফ্যামিলি -১
ضُرِبَ	ضَرَبَ	
نُصِرَ	نَصَرَ	
سُمِعَ	سَمِعَ	
حُسِبَ	حَسِبَ	
-	كَرُمَ	

অতীতকাল		বড় ফ্যামিলি
কর্মবাচ্য ফর্ম	কর্তৃবাচ্য ফর্ম	
عُلِّمَ	عَلَّمَ	ফ্যামিলি -২
جُوْهِدَ	جَاهَدَ	ফ্যামিলি -৩
أُسْلِمَ	أَسْلَمَ	ফ্যামিলি -৪
تُعُلِّمَ	تَعَلَّمَ	ফ্যামিলি -৫
تُسُوْءِلَ	تَسَاءَلَ	ফ্যামিলি -৬
-	اِنْقَلَبَ	ফ্যামিলি -৭
اُقْتُرِبَ	اِقْتَرَبَ	ফ্যামিলি -৮
اُسْتُغْفِرَ	اِسْتَغْفَرَ	ফ্যামিলি -১০

ফ্যামিলি-১ : ضَرَبَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ ضُرِبُوْا	هُمَا ضُرِبَا	هُوَ ضُرِبَ
তাদেরকে আঘাত করা হয়েছে	তাদের (দুজনকে) আঘাত করা হয়েছে	তাকে আঘাত করা হয়েছে
هُنَّ ضُرِبْنَ	هُمَا ضُرِبَتَا	هِيَ ضُرِبَتْ
তাদেরকে আঘাত করা হয়েছে	তাদের (দুজনকে) আঘাত করা হয়েছে	তাকে আঘাত করা হয়েছে
أَنْتُمْ ضُرِبْتُمْ	أَنْتُمَا ضُرِبْتُمَا	أَنْتَ ضُرِبْتَ
তোমাদেরকে আঘাত করা হয়েছে	তোমাদের (দুজনকে) আঘাত করা হয়েছে	তোমাকে আঘাত করা হয়েছে
أَنْتُنَّ ضُرِبْتُنَّ	أَنْتُمَا ضُرِبْتُمَا	أَنْتِ ضُرِبْتِ
তোমাদেরকে আঘাত করা হয়েছে	তোমাদের (দুজনকে) আঘাত করা হয়েছে	তোমাকে আঘাত করা হয়েছে
نَحْنُ ضُرِبْنَا		أَنَا ضُرِبْتُ
আমাদেরকে আঘাত করা হয়েছে		আমাকে আঘাত করা হয়েছে

একই নিয়মে, ফ্যামিলি-**১ : ضَرَبَ**-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-১ : نَصَرَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ نُصِرُوا	هُمَا نُصِرَا	هُوَ نُصِرَ
তাদেরকে সাহায্য করা হয়েছে	তাদের (দুজনকে) সাহায্য করা হয়েছে	তাকে সাহায্য করা হয়েছে
هُنَّ نُصِرْنَ	هُمَا نُصِرَتَا	هِيَ نُصِرَتْ
তাদেরকে সাহায্য করা হয়েছে	তাদের (দুজনকে) সাহায্য করা হয়েছে	তাকে সাহায্য করা হয়েছে
أَنْتُمْ نُصِرْتُمْ	أَنْتُمَا نُصِرْتُمَا	أَنْتَ نُصِرْتَ
তোমাদেরকে সাহায্য করা হয়েছে	তোমাদের (দুজনকে) সাহায্য করা হয়েছে	তোমাকে সাহায্য করা হয়েছে
أَنْتُنَّ نُصِرْتُنَّ	أَنْتُمَا نُصِرْتُمَا	أَنْتِ نُصِرْتِ
তোমাদেরকে সাহায্য করা হয়েছে	তোমাদের (দুজনকে) সাহায্য করা হয়েছে	তোমাকে সাহায্য করা হয়েছে
نَحْنُ نُصِرْنَا		أَنَا نُصِرْتُ
আমাদেরকে সাহায্য করা হয়েছে		আমাকে সাহায্য করা হয়েছে

একই নিয়মে, ফ্যামিলি-**১ : نَصَرَ**-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-২ عَلَّمَ ফি'লের Perfect/অতীতকালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ عُلِّمُوْا	هُمَا عُلِّمَا	هُوَ عُلِّمَ
তাদেরকে শিখানো হয়েছে	তাদের (দুজনকে)শিখানো হয়েছে	তাকে শিখানো হয়েছে
هُنَّ عُلِّمْنَ	هُمَا عُلِّمَتَا	هِيَ عُلِّمَتْ
তাদেরকে শিখানো হয়েছে	তাদের (দুজনকে) শিখানো হয়েছে	তাকে শিখানো হয়েছে
أَنْتُمْ عُلِّمْتُمْ	أَنْتُمَا عُلِّمْتُمَا	أَنْتَ عُلِّمْتَ
তোমাদেরকে শিখানো হয়েছে	তোমাদের (দুজনকে) শিখানো হয়েছে	তোমাকে শিখানো হয়েছে
أَنْتُنَّ عُلِّمْتُنَّ	أَنْتُمَا عُلِّمْتُمَا	أَنْتِ عُلِّمْتِ
তোমাদেরকে শিখানো হয়েছে	তোমাদের (দুজনকে) শিখানো হয়েছে	তোমাকে শিখানো হয়েছে
نَحْنُ عُلِّمْنَا		أَنَا عُلِّمْتُ
আমাদেরকে শিখানো হয়েছে		আমাকে শিখানো হয়েছে

একই নিয়মে, ফ্যামিলি-**২ عَلَّمَ**-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি মাঝের বা শেষের মূল বর্ণ (Root Letters) **و** বা **ي** না থাকে। কিন্তু যদি মাঝের বা শেষের মূল বর্ণ **و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে দেখা যাবে না। কারণ **و** বা **ي** পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

৩. Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল কর্তৃবাচ্য (Active) ফর্ম

তৃতীয়ত: আমরা প্রতিটি ফ্যামিলির Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের সবচেয়ে গুরুত্বপূর্ণ ফর্ম সম্পর্কে বিস্তারিতভাবে শিখবো। এই ফর্মটি ব্যবহার করে আমরা দেখব কীভাবে ফি'ল এখন চলছে বা ভবিষ্যৎে হবে। Imperfect কালের প্রতিটি ফি'লও **১৪টি** ফর্মে থাকে, কারণ প্রতিটি সর্বনামের জন্য আলাদা ফর্ম থাকে, যদিও কখনও কখনও দুই বা ততোধিক ফর্ম দেখতে একরকম হতে পারে।

Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল চেনার উপায়

Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল মানে এটি নির্দেশ করে যে কাজটি এখনও শেষ হয়নি। একটি ফি'ল Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালে আছে কি না তা সনাক্ত করতে আমরা তিনটি ধাপ অনুসরণ করবো।

প্রথমত, আমরা লক্ষ্য করবো কী হরফ দিয়ে ফি'লটি শুরু হয়েছে।

বহুবচন	দ্বিবচন	একবচন
ইয়া (ي)	ইয়া (ي)	ইয়া (ي)
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
ইয়া (ي)	তা (ت)	তা (ت)
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
তা (ت)	তা (ت)	তা (ت)
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
তা (ت)	তা (ت)	তা (ت)
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
নূন (ن)		হামজা (أ)
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ

বর্তমান কালের ফি'ল চারটি হরফের যেকোনো একটি দিয়ে শুরু হয়। হরফ গুলো হলো হামজা (**أ**), তা (**ت**), ইয়া (**ي**) এবং নূন (**ن**) । যদি ফি'লের শুরুতে উল্লেখিত চারটি হরফের যেকোনো একটি পেয়ে যাই, তাহলে সম্ভাবনা থাকবে বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল হতে পারে। মনে রাখার সুবিধার্থে হরফ চারটির একত্রিত রূপ "আতাইনা (**أتين**)" অথবা "তানিয়া (**تنيأ**)" শব্দ দুটি মনে রাখতে পারি। তবে এটি যে একটি বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল তা নিশ্চিত হতে, দ্বিতীয় ও তৃতীয় ধাপ অনুসরণ করতে হবে। পূর্বে উল্লেখিত টেবিল থেকে একটি ফি'লের বর্তমান বা ভবিষ্যৎ কালের ১৪ টি ফর্ম দেখে মিলিয়ে নেই কিভাবে/কী হরফ দিয়ে শুরু হয়।

দ্বিতীয় ধাপ: আমরা লক্ষ্য করবো ফি'লটি কোন হরফ বা হারাকাহ্ দিয়ে শেষ হয়েছে। সাধারণত বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল শেষ হয় পেশ (ـُ) হারাকাহ্ বা নূন (ن) হরফ দিয়ে। এর মধ্যে ৫টি সর্বনামের ফি'ল পেশ দিয়ে শেষ হয় এবং বাকি ৯টি সর্বনামের ফি'ল নূন দিয়ে শেষ হয়। নিচের টেবিলে **১৪**টি ফর্ম দেখে মিলিয়ে নিন কোনভাবে শেষ হয়েছে।

বহুবচন	**দ্বিবচন**	**একবচন**
নূন (ن)	নূন (ن)	পেশ
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	নূন (ن)
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
পেশ		পেশ
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ

তৃতীয় ধাপ: আমরা মুসলিমুন চার্টের শেষ হওয়ার ধরণের সাথে মিলিয়ে বুঝতে পারব ফি'লটি কোন বচনে আছে। সাধারণত:

- "উ" দিয়ে শেষ হলে একবচন (ব্যতিক্রম: আনতি/أَنْتِ ফর্ম)
- "আ-নি" দিয়ে শেষ হলে দ্বিবচন
- "উ-না" দিয়ে শেষ হলে বহুবচন (ব্যতিক্রম: হুন্না/هُنَّ, আনতুননা/أَنْتُنَّ এবং নাহনু/نَحْنُ ফর্ম)

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ

ফ্যামিলি-১ فَتَحَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
তারা জেতে/জিতবে	তারা (দুজন) জেতে/জিতবে	সে জেতে/জিতবে
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
তারা জেতে/জিতবে	তারা (দুজন) জেতে/জিতবে	সে জেতে/জিতবে
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
তোমরা জেত/জিতবে	তোমরা (দুজন) জেত/জিতবে	তুমি জেত/জিতবে
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
তোমরা জেত/জিতবে	তোমরা (দুজন) জেত/জিতবে	তুমি জেত/জিতবে
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ
আমরা জিতি/জিতব		আমি জিতি/জিতব

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত فَتَحَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-**১** فَتَحَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও ১৪টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , ي** বা **و** না থাকে। তবে যদি মূল বর্ণ **أ ,ي** বা **و** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-১ : ضَرَبَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يَضْرِبُوْنَ	هُمَا يَضْرِبَانِ	هُوَ يَضْرِبُ
তারা আঘাত করে/করবে	তারা (দুজন) আঘাত করে/ করবে	সে আঘাত করে/করবে
هُنَّ يَضْرِبْنَ	هُمَا تَضْرِبَانِ	هِيَ تَضْرِبُ
তারা আঘাত করে/করবে	তারা (দুজন) আঘাত করে/ করবে	সে আঘাত করে/করবে
أَنْتُمْ تَضْرِبُوْنَ	أَنْتُمَا تَضْرِبَانِ	أَنْتَ تَضْرِبُ
তোমরা আঘাত করো/করবে	তোমরা (দুজন) আঘাত করো/ করবে	তুমি আঘাত করো/করবে
أَنْتُنَّ تَضْرِبْنَ	أَنْتُمَا تَضْرِبَانِ	أَنْتِ تَضْرِبِيْنَ
তোমরা আঘাত করো/করবে	তোমরা (দুজন) আঘাত করো/ করবে	তুমি আঘাত করো/করবে
نَحْنُ نَضْرِبُ		أَنَا أَضْرِبُ
আমরা আঘাত করি/করবো		আমি আঘাত করি/করবো

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত ضَرَبَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-**১** ضَرَبَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও ১৪টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ **أ** و , বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-১ نَصَرَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يَنْصُرُوْنَ	هُمَا يَنْصُرَانِ	هُوَ يَنْصُرُ
তারা সাহায্য করে/করবে	তারা (দুজন) সাহায্য করে/করবে	সে সাহায্য করে/করবে
هُنَّ يَنْصُرْنَ	هُمَا تَنْصُرَانِ	هِيَ تَنْصُرُ
তারা সাহায্য করে/করবে	তারা (দুজন) সাহায্য করে/করবে	সে সাহায্য করে/করবে
أَنْتُمْ تَنْصُرُوْنَ	أَنْتُمَا تَنْصُرَانِ	أَنْتَ تَنْصُرُ
তোমরা সাহায্য করো/করবে	তোমরা (দুজন) সাহায্য করো/করবে	তুমি সাহায্য করো/করবে
أَنْتُنَّ تَنْصُرْنَ	أَنْتُمَا تَنْصُرَانِ	أَنْتِ تَنْصُرِيْنَ
তোমরা সাহায্য করো/করবে	তোমরা (দুজন) সাহায্য করো/করবে	তুমি সাহায্য করো/করবে
نَحْنُ نَنْصُرُ		أَنَا أَنْصُرُ
আমরা সাহায্য করি/করবো		আমি সাহায্য করি/করবো

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত نَصَرَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-**১** نَصَرَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-২ : عَلَّمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يُعَلِّمُوْنَ	هُمَا يُعَلِّمَانِ	هُوَ يُعَلِّمُ
তারা শেখায়/শিখাবে	তারা (দুজন) শেখায়/শিখাবে	সে শেখায়/শিখাবে
هُنَّ يُعَلِّمْنَ	هُمَا تُعَلِّمَانِ	هِيَ تُعَلِّمُ
তারা শেখায়/শিখাবে	তারা (দুজন) শেখায়/শিখাবে	সে শেখায়/শিখাবে
أَنْتُمْ تُعَلِّمُوْنَ	أَنْتُمَا تُعَلِّمَانِ	أَنْتَ تُعَلِّمُ
তোমরা শিখাও/শিখাবে	তোমরা (দুজন) শিখাও/ শিখাবে	তুমি শিখাও/শিখাবে
أَنْتُنَّ تُعَلِّمْنَ	أَنْتُمَا تُعَلِّمَانِ	أَنْتِ تُعَلِّمِيْنَ
তোমরা শিখাও/শিখাবে	তোমরা (দুজন) শিখাও/ শিখাবে	তুমি শিখাও/শিখাবে
نَحْنُ نُعَلِّمُ		أَنَا أُعَلِّمُ
আমরা শেখাই/শিখাবো		আমি শেখাই/শিখাবো

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত عَلَّمَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-২ عَلَّمَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-৩ جَاهَدَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يُجَاهِدُوْنَ	هُمَا يُجَاهِدَانِ	هُوَ يُجَاهِدُ
তারা সংগ্রাম করে/করবে	তারা (দুজন) সংগ্রাম করে/ করবে	সে সংগ্রাম করে/করবে
هُنَّ يُجَاهِدْنَ	هُمَا تُجَاهِدَانِ	هِيَ تُجَاهِدُ
তারা সংগ্রাম করে/করবে	তারা (দুজন) সংগ্রাম করে/ করবে	সে সংগ্রাম করে/করবে
أَنْتُمْ تُجَاهِدُوْنَ	أَنْتُمَا تُجَاهِدَانِ	أَنْتَ تُجَاهِدُ
তোমরা সংগ্রাম করো/করবে	তোমরা (দুজন) সংগ্রাম করো/ করবে	তুমি সংগ্রাম করো/করবে
أَنْتُنَّ تُجَاهِدْنَ	أَنْتُمَا تُجَاهِدَانِ	أَنْتِ تُجَاهِدِيْنَ
তোমরা সংগ্রাম করো/করবে	তোমরা (দুজন) সংগ্রাম করো/ করবে	তুমি সংগ্রাম করো/করবে
نَحْنُ نُجَاهِدُ		أَنَا أُجَاهِدُ
আমরা সংগ্রাম করি/করবো		আমি সংগ্রাম করি/করবো

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত جَاهَدَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-৩ جَاهَدَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-8 أَسْلَمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কাল

বহুবচন	দ্বিবচন	একবচন
هُمْ يُسْلِمُوْنَ	هُمَا يُسْلِمَانِ	هُوَ يُسْلِمُ
তারা সমর্পণ করে/করবে	তারা (দুজন) সমর্পণ করে/ করবে	সে সমর্পণ করে/করবে
هُنَّ يُسْلِمْنَ	هُمَا تُسْلِمَانِ	هِيَ تُسْلِمُ
তারা সমর্পণ করে/করবে	তারা (দুজন) সমর্পণ করে/ করবে	সে সমর্পণ করে/করবে
أَنْتُمْ تُسْلِمُوْنَ	أَنْتُمَا تُسْلِمَانِ	أَنْتَ تُسْلِمُ
তোমরা সমর্পণ করো/করবে	তোমরা (দুজন) সমর্পণ করো/ করবে	তুমি সমর্পণ করো/করবে
أَنْتُنَّ تُسْلِمْنَ	أَنْتُمَا تُسْلِمَانِ	أَنْتِ تُسْلِمِيْنَ
তোমরা সমর্পণ করো/করবে	তোমরা (দুজন) সমর্পণ করো/ করবে	তুমি সমর্পণ করো/করবে
نَحْنُ نُسْلِمُ		أَنَا أُسْلِمُ
আমরা সমর্পণ করি/করবো		আমি সমর্পণ করি/করবো

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত أَسْلَمَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্তৃবাচ্য (Active Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-8 أَسْلَمَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

৪. বর্তমান/ভবিষ্যৎ কালের ফি'লের কর্মবাচ্য

৪র্থ ধাপে আমরা প্রতিটি ফ্যামিলির আরেকটি গুরুত্বপূর্ণ ফর্ম সম্পর্কে শিখব। এই সদস্য হল Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য (Passive) ফর্ম। যেমন কর্তৃবাচ্য ফর্মে প্রতিটি সর্বনামের জন্য আলাদা ফর্ম থাকে, কর্মবাচ্য ফর্মেও প্রতিটি সর্বনামের জন্য নির্দিষ্ট ফর্ম রয়েছে। যদিও কখনও কখনও একাধিক ফর্ম দেখতে একই রকম হতে পারে, তবুও তাদের ব্যাকরণগত ব্যবহার আলাদা।

বর্তমান/ভবিষ্যৎ কালের ফি'লের কর্তৃবাচ্য থেকে কর্মবাচ্য করার নিয়ম

- ফি'ল-এর হরফগুলো অপরিবর্তিত রাখব।
- শেষ হরফে থাকা হারাকাহ্ পরিবর্তন করা হবে না।
- কোনো হরফে জজম/সুকুন থাকলে সেটিও অপরিবর্তিত থাকবে।
- প্রথম হরফে পেশ/দম্মাহ থাকবে (ফ্যামিলি ২, ৩ ও ৪-এর ক্ষেত্রে পূর্ব থেকেই থাকে)।
- দ্বিতীয় হরফ থেকে শেষের আগের হরফ পর্যন্ত যবর/ফাতহা থাকবে (ব্যতিক্রম: জজম/সুকুন থাকলে অপরিবর্তিত থাকবে)।

বর্তমান/ভবিষ্যৎ		ছোট ফ্যামিলি
কর্মবাচ্য ফর্ম	কর্তৃবাচ্য ফর্ম	
يُفْتَحُ	يَفْتَحُ	ফ্যামিলি -১
يُضْرَبُ	يَضْرِبُ	
يُنْصَرُ	يَنْصُرُ	
يُسْمَعُ	يَسْمَعُ	
يُحْسَبُ	يَحْسِبُ	
-	يَكْرُمُ	

বর্তমান/ভবিষ্যৎ		বড় ফ্যামিলি
কর্মবাচ্য ফর্ম	কর্তৃবাচ্য ফর্ম	
يُعَلَّمُ	يُعَلِّمُ	ফ্যামিলি -২
يُجَاهَدُ	يُجَاهِدُ	ফ্যামিলি -৩
يُسْلَمُ	يُسْلِمُ	ফ্যামিলি -৪
يُتَعَلَّمُ	يَتَعَلَّمُ	ফ্যামিলি -৫
يُتَسَاءَلُ	يَتَسَاءَلُ	ফ্যামিলি -৬
-	يَنْقَلِبُ	ফ্যামিলি -৭
يُقْتَرَبُ	يَقْتَرِبُ	ফ্যামিলি -৮
يُسْتَغْفَرُ	يَسْتَغْفِرُ	ফ্যামিলি -১০

ফ্যামিলি-১ : ضَرَبَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
يُضْرَبُوْنَ	يُضْرَبَانِ	يُضْرَبُ
তাদেরকে আঘাত করা হয়/হবে	তাদের দুজনকে আঘাত করা হয়/হবে	তাকে আঘাত করা হয়/হবে
يُضْرَبْنَ	تُضْرَبَانِ	تُضْرَبُ
তাদেরকে আঘাত করা হয়/হবে	তাদের দুজনকে আঘাত করা হয়/হবে	তাকে আঘাত করা হয় / হবে
تُضْرَبُوْنَ	تُضْرَبَانِ	تُضْرَبُ
তোমাদেরকে আঘাত করা হয়/ হবে	তোমাদের দুজনকে আঘাত করা হয়/হবে	তোমাকে আঘাত করা হয়/হবে
تُضْرَبْنَ	تُضْرَبَانِ	تُضْرَبِيْنَ
তোমাদেরকে আঘাত করা হয়/ হবে	তোমাদের দুজনকে আঘাত করা হয় / হবে	তোমাকে আঘাত করা হয় / হবে
نُضْرَبُ	—	أُضْرَبُ
আমাদেরকে আঘাত করা হয়/ হবে	—	আমাকে আঘাত করা হয়/হবে

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত ضَرَبَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্মবাচ্য (passive Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-১ ضَرَبَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-১ : نَصَرَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
يُنْصَرُوْنَ	يُنَصَرَانِ	يُنْصَرُ
তাদেরকে সাহায্য করা হয় / হবে	তাদের দুজনকে সাহায্য করা হয় / হবে	তাকে সাহায্য করা হয় / হবে
يُنْصَرْنَ	تُنَصَرَانِ	تُنْصَرُ
তাদেরকে সাহায্য করা হয়/হবে	তাদের দুজনকে সাহায্য করা হয় / হবে	তাকে সাহায্য করা হয় / হবে
تُنْصَرُوْنَ	تُنَصَرَانِ	تُنْصَرُ
তোমাদেরকে সাহায্য করা হয় / হবে	তোমাদের দুজনকে সাহায্য করা হয় / হবে	তোমাকে সাহায্য করা হয় / হবে
تُنْصَرْنَ	تُنَصَرَانِ	تُنْصَرِيْنَ
তোমাদেরকে সাহায্য করা হয়/ হবে	তোমাদের দুজনকে সাহায্য করা হয় /হবে	তোমাকে সাহায্য করা হয়/হবে
نُنْصَرُ		أُنْصَرُ
আমাদেরকে সাহায্য করা হয়/ হবে	—	আমাকে সাহায্য করা হয়/হবে

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত نَصَرَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্মবাচ্য (passive Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-১ نَصَرَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

ফ্যামিলি-২ : عَلَّمَ Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের কর্মবাচ্য

বহুবচন	দ্বিবচন	একবচন
يُعَلَّمُوْنَ	يُعَلَّمَانِ	يُعَلَّمُ
তাদেরকে শেখানো হয়/হবে	তাদের দুজনকে শেখানো হয়/হবে	তাকে শেখানো হয়/হবে
يُعَلَّمْنَ	تُعَلَّمَانِ	تُعَلَّمُ
তাদেরকে শেখানো হয়/হবে	তাদের দুজনকে শেখানো হয়/হবে	তাকে শেখানো হয়/হবে
تُعَلَّمُوْنَ	تُعَلَّمَانِ	تُعَلَّمُ
তোমাদেরকে শেখানো হয়/হবে	তোমাদের দুজনকে শেখানো হয়/হবে	তোমাকে শেখানো হয়/হবে
تُعَلَّمْنَ	تُعَلَّمَانِ	تُعَلَّمِيْنَ
তোমাদেরকে শেখানো হয়/হবে	তোমাদের দুজনকে শেখানো হয় /হবে	তোমাকে শেখানো হয়/হবে
نُعَلَّمُ		أُعَلَّمُ
আমাদেরকে শেখানো হয়/হবে	—	আমাকে শেখানো হয়/হবে

অনুশীলন:

উপরোক্ত নিয়ম অনুসারে, পবিত্র কুরআনে বহুল ব্যবহৃত عَلَّمَ-ফ্যামিলির পূর্বোক্ত শব্দ তালিকা থেকে বর্তমান বা ভবিষ্যৎ কালের ক্রিয়া নিয়ে Imperfect কর্মবাচ্য (passive Voice)-এর **১৪**টি ফর্ম তৈরি করবো। একই নিয়মে, ফ্যামিলি-২ عَلَّمَ-এর অন্তর্ভুক্ত যেকোনো ফি'লও **১৪**টি ফর্মে রূপান্তর করা যায়, যদি এর মূল বর্ণ (Root Letters)-এ **أ , و** বা **ي** না থাকে। তবে যদি মূল বর্ণ , **أ و** বা **ي** হয়, তাহলে ফর্মগুলো আগের মতো সরলভাবে থাকবে না; কারণ এ ধরনের বর্ণ পূর্ববর্তী বর্ণের সাথে মিলিত হয়ে পরিবর্তিত রূপ নেয়।

৫. ফি'লের লাইট ফর্ম (المنصوب)

৫ম ধাপে আমরা শিখবো Imperfect / বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'লের লাইট ফর্ম (মানসুব ফর্ম/الفعل المضارع المنصوب) সম্পর্কে। আরবি ভাষায় Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল কখনো কখনো লাইট ফর্মে পরিবর্তিত হয়। এই পরিবর্তন ঘটে যখন ফি'ল-এর আগে কিছু নির্দিষ্ট অব্যয়/বর্ণ আসে, যেগুলোকে বলা হয় লাইট হারফ (**الحروف الناصبة للمضارع**)।

লাইট হারফ (الحروف الناصبة للمضارع) সম্পর্কে ধারণা

আরবি ভাষায় Imperfect /বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'লের আগে কিছু অব্যয়/বর্ণ এসে সেই ফি'লের স্ট্যাটাসকে লাইট (মানসুব) ফর্মে পরিবর্তিত করে দেয়, এরকম হারফকে, লাইট হারফ (**الحروف الناصبة للمضارع**) বলা হয়। পবিত্র কুরআনুল কারীমে নিম্নলিখিত লাইট হারফের ব্যবহার দেখা যায় :

উদাহরণ	অর্থ	লাইট হারফ
أَنْ يَنْصُرَ সাহায্য করতে	to/that প্রতি/যে	أَنْ
لَنْ يَنْصُرَ সে সাহায্য করবেনা	will not না (ভবিষ্যৎ)	لَنْ
لِكَيْ يَنْصُرَ যাতে সে সাহায্য করে	so that/in order to যাতে	لِكَيْ/لِ/كَيْ
إِذًا يَنْصُرَ সেক্ষেত্রে সে সাহায্য করবে	in that case সেক্ষেত্রে/তাহলে	إِذًا
حَتَّى يَنْصُرَ যতক্ষণ পর্যন্ত না সে সাহায্য করে	until যতক্ষণ পর্যন্ত না	حَتَّى

স্বাভাবিক/মারফু ফর্ম হলো يَنْصُرُ যার লাইট (মানসুব) ফর্ম হলো يَنْصُرَ

লাইট ফর্মের গঠন

সাধারণভাবে, একটি বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল শেষ হয় পেশ হারাকাহ্ বা নূন হরফ দিয়ে। তন্মধ্যে ৫ টি সর্বনামের ক্ষেত্রে পেশ হারাকাহ্ দিয়ে শেষ হয় এবং বাকি ৯ টি সর্বনামের ক্ষেত্রে নূন (ن) হরফ দিয়ে শেষ হয়। নিচের টেবিল থেকে একটি ফি'লের বর্তমান বা ভবিষ্যৎ কালের **১৪** টি ফর্ম দেখে মিলিয়ে নেই কিভাবে/কী হরফ দিয়ে ফি'লটি শেষ হয়েছে।

বহুবচন	দ্বিবচন	একবচন
নূন (ن)	নূন (ن)	পেশ
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	নূন (ن)
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
পেশ		পেশ
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ

লাইট ফর্ম বানাতে হলে পেশ দিয়ে শেষ হওয়া পাঁচটি ফর্মকে যবর দ্বারা পরিবর্তন করতে হবে। বাকি ৯ টি সর্বনামের ক্ষেত্রে নূন দিয়ে শেষ হওয়া নূনগুলো তুলে দিতে হবে। তবে স্ত্রীবাচক বহুবচন সর্বনামের ২ টি ফর্ম ছাড়া। এক্ষেত্রে কোনো পরিবর্তন হবেনা অর্থাৎ নিয়মিত ও লাইট দুই ক্ষেত্রেই স্ত্রীবাচক বহুবচন সর্বনামের ফর্মগুলো দেখতে একইরকম হবে। নিচের টেবিলে লাইট ফর্মের **১৪** টি ফর্ম দেখানো হলো :

বহুবচন	দ্বিবচন	একবচন
নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে	যবর
هُمْ يَفْتَحُوْا	هُمَا يَفْتَحَا	هُوَ يَفْتَحَ
নূন (ن) অপরিবর্তিত	নূন (ن) উঠে গেছে	যবর
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَا	هِيَ تَفْتَحَ
নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে	যবর
أَنْتُمْ تَفْتَحُوْا	أَنْتُمَا تَفْتَحَا	أَنْتَ تَفْتَحَ
নূন (ن) অপরিবর্তিত	নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَا	أَنْتِ تَفْتَحِيْ
যবর		যবর
نَحْنُ نَفْتَحَ		أَنَا أَفْتَحَ

মনে রাখতে হবে যে লাইট ফর্মের আলাদা কোনো অর্থ নেই। লাইট ফর্মের অর্থ নির্ভর করবে পূর্ববর্তী লাইট হারফের (أن , لن, لكي, إذاً, حتىٰ) উপর।

ফ্যামিলি-১ : ضَرَبَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَضْرِبُوْا	يَضْرِبَا	يَضْرِبَ
يَضْرِبْنَ	تَضْرِبَا	تَضْرِبَ
تَضْرِبُوْا	تَضْرِبَا	تَضْرِبَ
تَضْرِبْنَ	تَضْرِبَا	تَضْرِبِيْ
نَضْرِبَ		أَضْرِبَ

ফ্যামিলি-১ : نَصَرَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَنْصُرُوْا	يَنْصُرَا	يَنْصُرَ
يَنْصُرْنَ	تَنْصُرَا	تَنْصُرَ
تَنْصُرُوْا	تَنْصُرَا	تَنْصُرَ
تَنْصُرْنَ	تَنْصُرَا	تَنْصُرِيْ
نَنْصُرَ		أَنْصُرَ

ফ্যামিলি-১ : سَمِعَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَسْمَعُوْا	يَسْمَعَا	يَسْمَعَ
يَسْمَعْنَ	تَسْمَعَا	تَسْمَعَ
تَسْمَعُوْا	تَسْمَعَا	تَسْمَعَ
تَسْمَعْنَ	تَسْمَعَا	تَسْمَعِيْ
نَسْمَعَ		أَسْمَعَ

ফ্যামিলি-২ : عَلَّمَ থেকে Light ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يُعَلِّمُوْا	يُعَلِّمَا	يُعَلِّمَ
يُعَلِّمْنَ	تُعَلِّمَا	تُعَلِّمَ
تُعَلِّمُوْا	تُعَلِّمَا	تُعَلِّمَ
تُعَلِّمْنَ	تُعَلِّمَا	تُعَلِّمِيْ
نُعَلِّمَ		أُعَلِّمَ

৬. ফি'লের লাইটেস্ট ফর্ম (المجزوم)

৬ষ্ঠ ধাপে আমরা শিখবো Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'লের লাইটেস্ট ফর্ম (মাজযুম ফর্ম/الفعل المضارع المجزوم) সম্পর্কে।আরবি ভাষায় Imperfect/বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল কখনও লাইটেস্ট ফর্মে পরিবর্তিত হয়। এই পরিবর্তন ঘটে যখন ফি'ল-এর আগে কিছু নির্দিষ্ট অব্যয়/বর্ণ আসে, যেগুলোকে বলা হয় লাইটেস্ট হারফ (الحروف الجازمة للمضارع)।

লাইটেস্ট হারফ সম্পর্কে ধারণা

আরবি ভাষায় Imperfect /বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'লের আগে কিছু অব্যয়/বর্ণ এসে সেই ফি'লের স্ট্যাটাসকে লাইটেস্ট (মাজযূম) ফর্মে পরিবর্তিত করে দেয়, এরকম হারফকে লাইটেস্ট বলা হয় । পবিত্র কুরআনুল কারীমে নিম্নলিখিত লাইটেস্ট হারফের ব্যবহার দেখা যায় :

উদাহরণ	অর্থ	লাইটেস্ট হারফ
إِنْ يَنْصُرْ যদি সে সাহায্য করে	যদি if	إِنْ
لَمْ يَنْصُرْ সে সাহায্য করেনি	না (অতীতে) did not	لَمْ
لَمَّا يَنْصُرْ সে এখনো সাহায্য করেনি	এখনো নয় not yet	لَمَّا
وَلْ يَنْصُرْ অতএব তার সাহায্য করা উচিত	অতএব উচিত and should	وَلْ
فَلْ يَنْصُرْ তাহলে তার সাহায্য করা উচিত	তাহলে উচিত so should	فَلْ
لِ يَنْصُرْ তার সাহায্য করা উচিত	উচিত should	لِ

স্বাভাবিক/মারফু ফর্ম হলো يَنْصُرُ যার লাইটেস্ট (মাজযূম) ফর্ম হলো يَنْصُرْ

লাইটেস্ট ফর্মের গঠন

সাধারণভাবে, একটি বর্তমান বা ভবিষ্যৎ কালের ফি'ল শেষ হয় পেশ হারাকাহ্ বা নূন হরফ দিয়ে। তন্মধ্যে ৫ টি সর্বনামের ক্ষেত্রে পেশ হারাকাহ্ দিয়ে শেষ হয় এবং বাকি ৯ টি সর্বনামের ক্ষেত্রে নূন (ن) হরফ দিয়ে শেষ হয়। নিচের টেবিল থেকে একটি ফি'লের বর্তমান বা ভবিষ্যৎ কালের **১৪** টি ফর্ম দেখে মিলিয়ে নেই কিভাবে/কী হরফ দিয়ে ফি'লটি শেষ হয়েছে।

বহুবচন	দ্বিবচন	একবচন
নূন (ن)	নূন (ن)	পেশ
هُمْ يَفْتَحُوْنَ	هُمَا يَفْتَحَانِ	هُوَ يَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَانِ	هِيَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	পেশ
أَنْتُمْ تَفْتَحُوْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتَ تَفْتَحُ
নূন (ن)	নূন (ن)	নূন (ن)
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَانِ	أَنْتِ تَفْتَحِيْنَ
পেশ		পেশ
نَحْنُ نَفْتَحُ		أَنَا أَفْتَحُ

লাইটেস্ট ফর্ম তৈরির নিয়ম:

১. যেসব ফর্ম পেশ **(ـُ)** দিয়ে শেষ হয়, সেগুলোর শেষের পেশ পরিবর্তন করে সুকুন/জজম **(ـْ)** দিতে হবে।

২. বাকি ৯টি সর্বনামের ক্ষেত্রে, যেসব ক্রিয়া নূন দিয়ে শেষ হয়, তাদের শেষের নূন অপসারণ করতে হবে।

৩. তবে স্ত্রীবাচক বহুবচন সর্বনামের ২টি ফর্মে কোনো পরিবর্তন হবে না। অর্থাৎ নিয়মিত ও লাইটেস্ট — দুই ক্ষেত্রেই এই ফর্মগুলো একই রকম থাকবে।

বহুবচন	দ্বিবচন	একবচন
নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে	জজম
هُمْ يَفْتَحُوْا	هُمَا يَفْتَحَا	هُوَ يَفْتَحْ
নূন (ن) অপরিবর্তিত	নূন (ن) উঠে গেছে	জজম
هُنَّ يَفْتَحْنَ	هُمَا تَفْتَحَا	هِيَ تَفْتَحْ
নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে	জজম
أَنْتُمْ تَفْتَحُوْا	أَنْتُمَا تَفْتَحَا	أَنْتَ تَفْتَحْ
নূন (ن) অপরিবর্তিত	নূন (ن) উঠে গেছে	নূন (ن) উঠে গেছে
أَنْتُنَّ تَفْتَحْنَ	أَنْتُمَا تَفْتَحَا	أَنْتِ تَفْتَحِيْ
জজম		জজম
نَحْنُ نَفْتَحْ		أَنَا أَفْتَحْ

লাইটেস্ট ফর্মের আলাদা কোনো অর্থ নেই। লাইট ফর্মের অর্থ নির্ভর করবে পূর্ববর্তী লাইট হারফের (لِ , إِنْ , لَمْ , لَمَّا , وَلْ , فَلْ) উপর।

ফ্যামিলি-১ : ضَرَبَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَضْرِبُوْا	يَضْرِبَا	يَضْرِبْ
يَضْرِبْنَ	تَضْرِبَا	تَضْرِبْ
تَضْرِبُوْا	تَضْرِبَا	تَضْرِبْ
تَضْرِبْنَ	تَضْرِبَا	تَضْرِبِيْ
نَضْرِبْ		أَضْرِبْ

ফ্যামিলি-১ : نَصَرَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَنْصُرُوْا	يَنْصُرَا	يَنْصُرْ
يَنْصُرْنَ	تَنْصُرَا	تَنْصُرْ
تَنْصُرُوْا	تَنْصُرَا	تَنْصُرْ
تَنْصُرْنَ	تَنْصُرَا	تَنْصُرِيْ
نَنْصُرْ		أَنْصُرْ

ফ্যামিলি-১ : سَمِعَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يَسْمَعُوْا	يَسْمَعَا	يَسْمَعْ
يَسْمَعْنَ	تَسْمَعَا	تَسْمَعْ
تَسْمَعُوْا	تَسْمَعَا	تَسْمَعْ
تَسْمَعْنَ	تَسْمَعَا	تَسْمَعِيْ
نَسْمَعْ		أَسْمَعْ

ফ্যামিলি-২ : عَلَّمَ থেকে লাইটেস্ট ফর্মের ১৪টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
يُعَلِّمُوْا	يُعَلِّمَا	يُعَلِّمْ
يُعَلِّمْنَ	تُعَلِّمَا	تُعَلِّمْ
تُعَلِّمُوْا	تُعَلِّمَا	تُعَلِّمْ
تُعَلِّمْنَ	تُعَلِّمَا	تُعَلِّمِيْ
نُعَلِّمْ		أُعَلِّمْ

৭. ফি'লের নাহি ফর্ম

৭ম ধাপে আমরা শিখবো ফি'ল নাহি। ফি'ল নাহি হলো এমন ক্রিয়া, যা দ্বারা নিষেধাজ্ঞা বা কোনো কাজ থেকে বিরত থাকার আদেশ দেয়া হয়। এটি অনুজ্ঞাসূচক ফি'ল (imperative verb)-এর অন্তর্ভুক্ত।

অনুজ্ঞাসূচক ফি'লের ধারণা

প্রথমেই অনুজ্ঞাসূচক ফি'লের কিছু সাধারণ বৈশিষ্ট্য নিম্নে দেয়া হলো :

- অতীতকালের ফি'ল দিয়ে আদেশ নিষেধ বা অনুরোধ করা যায়না। এজন্য অনুজ্ঞাসূচক ফি'ল অতীতকালের জন্য প্রযোজ্য নয় ;
- নিজেকে বা নিজেরদেরকে আদেশ নিষেধ বা অনুরোধ করা যায়না। বরং আদেশ নিষেধ বা অনুরোধ সবসময় আমার বা আমাদের থেকে আসে। এজন্য অনুজ্ঞাসূচক ফি'ল আমি এবং আমার ইত্যাদি প্রথম পুরুষের সর্বনামের জন্য প্রযোজ্য নয় ;
- যে উপস্থিত নাই তাকে **সরাসরি** আদেশ নিষেধ বা অনুরোধ করা যায়না। এজন্য অনুজ্ঞাসূচক ফি'ল সে , তারা ইত্যাদি তৃতীয় পুরুষের সর্বনামের জন্য প্রযোজ্য নয়।

  যেমন :

  - (আপনি/আপনারা) এখানে আসবেন না।
  - (তুমি/তোমরা) এখানে এসো না।
  - (আপনি/আপনারা) চোরটিকে আর মারবেন না।
  - (তুমি/তোমরা) চোরটিকে আর মেরো না।

- কখনো সরাসরি না বলে অন্য কাউকে নির্দেশ পৌঁছে দিতে হয়। তখন পরোক্ষ নিষেধ (Indirect Command) ব্যবহৃত হয়।

  যেমন :

  - তাকে যেতে দিও না।
  - তাকে এটা করতে দিও না।

লাইটেস্ট ফর্ম থেকে ফি'লের নাহি ফর্ম গঠন

উপরোক্ত আলোচনার ভিত্তিতে, ফি'লের বর্তমান/ভবিষ্যৎ কালের দ্বিতীয় পুরুষের ৬ টি ফর্ম ব্যবহার করবো। উদাহরণ হিসাবে فَعَلَ ফি'লের বর্তমান/ভবিষ্যৎ কালের দ্বিতীয় পুরুষের ৬ টি ফর্ম নেয়া হলো। অতঃপর দ্বিতীয় ধাপে লাইটেস্ট ফর্ম বানানো হলো এবং চূড়ান্ত ধাপে প্রতিটি ফি'লের আগে لَا যুক্ত করা হলো :

প্রথম ধাপ : দ্বিতীয় পুরুষের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
أَنْتُمْ تَفْعَلُوْنَ	أَنْتُمَا تَفْعَلَانِ	أَنْتَ تَفْعَلُ
أَنْتُنَّ تَفْعَلْنَ	أَنْتُمَا تَفْعَلَانِ	أَنْتِ تَفْعَلِيْنَ

দ্বিতীয় ধাপ : লাইটেস্ট ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
أَنْتُمْ تَفْعَلُوْا	أَنْتُمَا تَفْعَلَا	أَنْتَ تَفْعَلْ
أَنْتُنَّ تَفْعَلْنَ	أَنْتُمَا تَفْعَلَا	أَنْتِ تَفْعَلِيْ

চূড়ান্ত ধাপ : ফি'ল নাহি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
لاَ تَفْعَلُوْا	لاَ تَفْعَلَا	لاَ تَفْعَلْ
তোমরা করবেনা	তোমরা (দুজন) করবেনা	তুমি করবেনা
لاَ تَفْعَلْنَ	لاَ تَفْعَلَا	لاَ تَفْعَلِيْ
তোমরা করবেনা	তোমরা (দুজন) করবেনা	তুমি করবেনা

প্রতিটি ফ্যামিলির বহুল ব্যবহৃত দুটি ফি'লের নাহি ফর্ম

নাহি ফর্ম-ছোট ফ্যামিলি/ফ্যামিলি -১

বহুবচন (পুরুষবাচক)	একবচন (পুরুষবাচক)	ফ্যামিলি -১
لاَ تَفْتَحُوْا	لاَ تَفْتَحْ	فَتَحَ
لاَ تَضْرِبُوْا	لاَ تَضْرِبْ	ضَرَبَ
لاَ تَنْصُرُوْا	لاَ تَنْصُرْ	نَصَرَ
لاَ تَسْمَعُوْا	لاَ تَسْمَعْ	سَمِعَ
لاَ تَحْسِبُوْا	لاَ تَحْسِبْ	حَسِبَ
لاَ تَكْرُمُوْا	لاَ تَكْرُمْ	كَرُمَ

নাহি ফর্ম-বড় ফ্যামিলি/ফ্যামিলি (২ -১০)

বহুবচন (পুরুষবাচক)	একবচন (পুরুষবাচক)	ফ্যামিলি
لاَ تُعَلِّمُوْا	لاَ تُعَلِّمْ	عَلَّمَ
لاَ تُجَاهِدُوْا	لاَ تُجَاهِدْ	جَاهَدَ
لاَ تُسْلِمُوْا	لاَ تُسْلِمْ	أَسْلَمَ
لاَ تَتَعَلَّمُوْا	لاَ تَتَعَلَّمْ	تَعَلَّمَ
لاَ تَتَسَاءَلُوْا	لاَ تَتَسَاءَلْ	تَسَاءَلَ
لاَ تَنْقَلِبُوْا	لاَ تَنْقَلِبْ	اِنْقَلَبَ
لاَ تَقْتَرِبُوْا	لاَ تَقْتَرِبْ	اِقْتَرَبَ
لاَ تَسْتَغْفِرُوْا	لاَ تَسْتَغْفِرْ	اِسْتَغْفَرَ

৮. ফি'লের আমর ফর্ম

৮ম ধাপে আমরা শিখবো আমর/imperative ফর্ম। ফি'ল আমর হলো এমন ক্রিয়া, যা দ্বারা আদেশ, অনুরোধ, বা কোনো কাজ সম্পাদনের নির্দেশ প্রকাশ করা হয়। এটি অনুজ্ঞাসূচক ফি'ল (imperative verb)-এর মূল রূপ। পূর্বোক্ত অনুজ্ঞাসূচক ফি'লের সাধারণ বৈশিষ্ট্য এখানেও প্রযোজ্য।

ফ্যামিলি -১ ফি'ল নাহি থেকে ফি'লের আমর ফর্ম গঠন

প্রতিটা ফি'লের নাহি ফর্ম নিবো। অতঃপর নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করবো :

: প্রতিটি ফি'ল নাহি ফর্ম থেকে ت হরফ মুছে দিবো। তাছাড়া যেহেতু ফি'ল আমর বানাবো তাই ফি'লের শুরুতে যে لا আছে তা তুলে দিবো। তারপর যেসব ফ্যামিলির ফর্মগুলো পড়া যাবে, ঐগুলোর ফি'ল আমর বানানোর কাজ শেষ। পড়া না গেলে আরো দুটি ধাপ (দ্বিতীয় ও তৃতীয় ধাপ) অনুসরণ করতে হবে।

: ফি'লের শুরুতে একটি হামজাতুল ওয়াসল (اِ) আনতে হবে

: নিচের নিয়ম অনুসরণ করে হামজাতুল ওয়াসলের সাথে কি হারাকাহ্ বসবে তা ঠিক করতে হবে :

ক। শেষ থেকে গুনে দ্বিতীয় হরফে যদি পেশ থাকে, হামজাতুল ওয়াসলের সাথে পেশ বসবে

খ। শেষ থেকে গুনে দ্বিতীয় হরফে যদি যবর/যের থাকে থাকে, হামজাতুল ওয়াসলের সাথে যের বসবে

ফি'ল আমর	ت হরফ মুছে দেয়ার পর	নাহি ফর্ম	ফ্যামিলি -১
إِفْتَحْ	فْتَحْ	لاَ تَفْتَحْ	فَتَحَ
إِضْرِبْ	ضْرِبْ	لاَ تَضْرِبْ	ضَرَبَ
أُنْصُرْ	نْصُرْ	لاَ تَنْصُرْ	نَصَرَ
إِسْمَعْ	سْمَعْ	لاَ تَسْمَعْ	سَمِعَ
إِحْسِبْ	حْسِبْ	لاَ تَحْسِبْ	حَسِبَ
أُكْرُمْ	كْرُمْ	لاَ تَكْرُمْ	كَرُمَ

ফ্যামিলি (২ -১০): ফি'ল নাহি থেকে ফি'লের আমর ফর্ম গঠন

প্রতিটা ফি'লের নাহি ফর্ম নিবো। অতঃপর নিম্নোক্ত ধাপগুলো অনুসরণ করবো :

: প্রতিটি ফি'ল নাহি ফর্ম থেকে ت হরফ মুছে দিবো। তাছাড়া যেহেতু ফি'ল আমর বানাবো তাই ফি'লের শুরুতে যে لا আছে তা তুলে দিবো। **তারপর যেসব ফ্যামিলির ফর্মগুলো পড়া যাবে, ঐগুলোর ফি'ল আমর বানানোর কাজ শেষ**। না পড়া গেলে আরো দুটি ধাপ (দ্বিতীয় ও তৃতীয় ধাপ) অনুসরণ করতে হবে।

: ফি'লের শুরুতে একটি হামজাতুল ওয়াসল (اٖ)আনতে হবে

: নিচের নিয়ম অনুসরণ করে হামজাতুল ওয়াসলের সাথে কি হারাকাহ্ বসবে তা ঠিক করতে হবে :

ক। শেষ থেকে গুনে দ্বিতীয় হরফে যদি পেশ থাকে, হামজাতুল ওয়াসলের সাথে পেশ বসবে

খ। শেষ থেকে গুনে দ্বিতীয় হরফে যদি যবর/যের থাকে থাকে, হামজাতুল ওয়াসলের সাথে যের বসবে

গ। ফ্যামিলি -৪ এর ক্ষেত্রে যদিও হামজাতুল ওয়াসলের সাথে নিয়ম অনুযায়ী যের বসার কথা, কিন্তু যবর বসবে

ফি'ল আমর	ت হরফ মুছে দেয়ার পর	নাহি ফর্ম	ফ্যামিলি
-	عَلِّمْ	لاَ تُعَلِّمْ	عَلَّمَ
-	جَاهِدْ	لاَ تُجَاهِدْ	جَاهَدَ
أَسْلِمْ	سْلِمْ	لاَ تُسْلِمْ	أَسْلَمَ
-	تَعَلَّمْ	لاَ تَتَعَلَّمْ	تَعَلَّمَ
-	تَسَاءَلْ	لاَ تَتَسَاءَلْ	تَسَاءَلَ
اِنْقَلِبْ	نْقَلِبْ	لاَ تَنْقَلِبْ	اِنْقَلَبَ
اِقْتَرِبْ	قْتَرِبْ	لاَ تَقْتَرِبْ	اِقْتَرَبَ
اِسْتَغْفِرْ	سْتَغْفِرْ	لاَ تَسْتَغْفِرْ	اِسْتَغْفَرَ

ফ্যামিলি-১ : فَتَحَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
إِفْتَحُوْا	إِفْتَحَا	إِفْتَحْ
إِفْتَحْنَ	إِفْتَحَا	إِفْتَحِيْ

ফ্যামিলি-১ : ضَرَبَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
إِضْرِبُوْا	إِضْرِبَا	إِضْرِبْ
إِضْرِبْنَ	إِضْرِبَا	إِضْرِبِيْ

ফ্যামিলি-১ : نَصَرَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
أُنْصُرُوْا	أُنْصُرَا	أُنْصُرْ
أُنْصُرْنَ	أُنْصُرَا	أُنْصُرِيْ

ফ্যামিলি-১ : سَمِعَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
إِسْمَعُوْا	إِسْمَعَا	إِسْمَعْ
إِسْمَعْنَ	إِسْمَعَا	إِسْمَعِيْ

ফ্যামিলি-২ : عَلَّمَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
عَلِّمُوْا	عَلِّمَا	عَلِّمْ
عَلِّمْنَ	عَلِّمَا	عَلِّمِيْ

ফ্যামিলি-৩ : جَاهَدَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
جَاهِدُوْا	جَاهِدَا	جَاهِدْ
جَاهِدْنَ	جَاهِدَا	جَاهِدِيْ

ফ্যামিলি-৪ : أَسْلَمَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
أَسْلِمُوْا	أَسْلِمَا	أَسْلِمْ
أَسْلِمْنَ	أَسْلِمَا	أَسْلِمِيْ

ফ্যামিলি-৫ : تَعَلَّمَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
تَعَلَّمُوْا	تَعَلَّمَا	تَعَلَّمْ
تَعَلَّمْنَ	تَعَلَّمَا	تَعَلَّمِيْ

ফ্যামিলি-৬ : تَسَاءَلَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
تَسَاءَلُوْا	تَسَاءَلَا	تَسَاءَلْ
تَسَاءَلْنَ	تَسَاءَلَا	تَسَاءَلِيْ

ফ্যামিলি-৭ : اِنْقَلَبَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
اِنْقَلِبُوْا	اِنْقَلِبَا	اِنْقَلِبْ
اِنْقَلِبْنَ	اِنْقَلِبَا	اِنْقَلِبِيْ

ফ্যামিলি-৮ : اِقْتَرَبَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
اِقْتَرِبُوْا	اِقْتَرِبَا	اِقْتَرِبْ
اِقْتَرِبْنَ	اِقْتَرِبَا	اِقْتَرِبِيْ

ফ্যামিলি-১০ : اِسْتَغْفَرَ থেকে ফি'ল আমরের ৬ টি ফর্ম

বহুবচন	দ্বিবচন	একবচন
اِسْتَغْفِرُوْا	اِسْتَغْفِرَا	اِسْتَغْفِرْ
اِسْتَغْفِرْنَ	اِسْتَغْفِرَا	اِسْتَغْفِرِيْ

৯. ইসম ফাই'ল (اسم فاعل) গঠন

ইসম ফাই'ল একটি কর্মের/ক্রিয়ার (ফি'লের) কর্তাকে বোঝায়। যেমন বাংলা ভাষায় যিনি শিক্ষা দেয়ার কাজটি করেন তাকে বলা হয় শিক্ষক অথবা যিনি বিক্রি করেন তাকে বলা হয় বিক্রেতা। এখানে শিক্ষক এবং বিক্রেতা দুটি ইসম ফাই'লের উদাহরণ। অতএব, ইসম ফাই'ল সর্বদা ক্রিয়া থেকে উদ্ভূত একটি ইসম। ছোট অথবা বড় ফ্যামিলির একটি ফি'ল নির্দিষ্ট প্যাটার্ন অনুসরণ করে ইসম ফা'ইলে রূপান্তরিত হয়। আমরা নিচের টেবিলে দেখবো কিভাবে একটি ফি'ল/ক্রিয়া থেকে ইসম ফাই'ল হয়:

ফ্যামিলি	প্যাটার্ন	গঠন পদ্ধতি
ফ্যামিলি :১ (ছোট ফ্যামিলি)	فَاعِلٌ	ف (ফা) বর্ণের সাথে যবর এবং একটি খালি আলিফ বসবে → فَا ع ('আ'ইন) বর্ণের সাথে যের বসবে → فَاعِ ل (লাম) বর্ণের সাথে দুই পেশ বসবে → فَاعِلٌ
ফ্যামিলি :২-৪	مُعَلِّمٌ مُجَاهِدٌ مُسْلِمٌ	বর্তমান কালের হুয়া ফর্মের ফি'লের يُ কে مُ দ্বারা পরিবর্তন করতে হবে → مُفَعِّل , مُفَاعِل , مُفْعِل শেষের হরফের সাথে দুই পেশ যুক্ত করতে হবে → مُفَعِّلٌ, مُفَاعِلٌ, مُفْعِلٌ
ফ্যামিলি :৫-৬	مُتَعَلِّمٌ مُتَسَاءِلٌ	বর্তমান কালের হুয়া ফর্মের ফি'লের يَ কে مُ দ্বারা পরিবর্তন করতে হবে এবং দ্বিতীয় মূল অক্ষরে ফাতহা (ـَ) এর জায়গায় কাসরা (ـِ) বসাতে হবে → مُتَفَاعِل , مُتَفَعِّل শেষের হরফের সাথে দুই পেশ যুক্ত করতে হবে → مُتَفَاعِلٌ, مُتَفَعِّلٌ
ফ্যামিলি :৭,৮,১০	مُنْقَلِبٌ مُقْتَرِبٌ مُسْتَغْفِرٌ	বর্তমান কালের হুয়া ফর্মের ফি'লের يَ কে مُ দ্বারা পরিবর্তন করতে হবে → مُسْتَفْعِل, مُفْتَعِل, مُنْفَعِل শেষের হরফের সাথে দুই পেশ (تنوين الضم) যুক্ত করতে হবে → مُسْتَفْعِلٌ, مُفْتَعِلٌ, مُنْفَعِلٌ

বহুল ব্যবহৃত ইসম ফাই'লের উদাহরণ

নিম্নের টেবিলে পবিত্র কুরআনুল কারীম থেকে কিছু বহুল ব্যবহৃত ফি'ল, তার রুট বর্ণ এবং পবিত্র কুরআনুল কারীমে ব্যবহৃত ইসম ফাই'লের (اسم الفاعل) রূপ বাংলা অর্থ সহ দেয়া হলো:

বাংলা অর্থ	ইসম ফাই'ল	রুট বর্ণ	ফি'ল
কর্তা	فَاعِلٌ	ف ع ل	فَعَلَ
বক্তা	قَائِلٌ	ق و ل	قَالَ
ইবাদতকারী	عَابِدٌ	ع ب د	عَبَدَ
বানানেওয়ালা	جَاعِلٌ	ج ع ل	جَعَلَ
অবিশ্বাসীগণ	كَافِرُونَ	ك ف ر	كَفَرَ
আমলকারী	عَامِلٌ	ع م ل	عَمِلَ
সৃষ্টিকর্তা	خَالِقٌ	خ ل ق	خَلَقَ
প্রত্যাবর্তনকারী	رَاجِعُونَ	ر ج ع	رَجَعَ
মিথ্যাবাদী	كَاذِبٌ	ك ذ ب	كَذَبَ
মিথ্যা আরোপকারী	مُكَذِّبُونَ	ك ذ ب	كَذَّبَ
আল্লাহভীরুগণ	مُتَّقُونَ	و ق ي	ٱتَّقَىٰ
বিশ্বাসী	مُؤْمِنٌ	أ م ن	ءَامَنَ
অংশীদারকারী	مُشْرِكُونَ	ش ر ك	أَشْرَكَ
উদাসীন	غَافِلٌ	غ ف ل	غَفَلَ

*কিছু ক্ষেত্রে বহুবচন রূপ দেওয়া হয়েছে, কারণ কুরআনুল কারীমে এ রূপের ব্যবহার বেশি।

বাংলা অর্থ	ইসম ফাই'ল	রুট বর্ণ	ফি'ল
উত্তম কাজকারী	مُحْسِنٌ	ح س ن	أَحْسَنَ
সাহায্যকারী	نَاصِرٌ	ن ص ر	نَصَرَ
ক্ষমাকারী	غَافِرٌ	غ ف ر	غَفَرَ
ধৈর্যশীল	صَابِرٌ	ص ب ر	صَبَرَ
ক্ষমাপ্রার্থী	تَائِبٌ	ت و ب	تَابَ
নির্দেশদাতা	آمِرٌ	أ م ر	أَمَرَ
শাস্তিদাতা	مُعَذِّبٌ	ع ذ ب	عَذَّبَ
রক্ষাকারী	حَافِظٌ	ح ف ظ	حَفِظَ
সৎ পথপ্রদর্শক	رَاشِدٌ	ر ش د	رَشَدَ
ধ্বংসকারী	مُهْلِكٌ	ه ل ك	أَهْلَكَ
সত্যবাদী	صَادِقٌ	ص د ق	صَدَقَ

ইসম ফাই'লের ব্যতিক্রমী প্যাটার্ন

ইসম ফা'ইল এর নিম্নোক্ত প্যাটার্নটি সাধারণত চরম বা অতিরিক্ত গুণ প্রকাশের জন্য ব্যবহৃত হয়। এটি বিশেষত আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলার গুণাবলী বর্ণনার ক্ষেত্রে ব্যবহৃত হয়। এর মাধ্যমে আল্লাহর গুণাবলীকে চূড়ান্ত, চিরন্তন এবং অতুলনীয় হিসেবে প্রকাশ করা হয়।

বাংলা অর্থ	ইসম ফাই'ল	রুট বর্ণ	ফি'ল
চরম দয়া প্রদর্শনকারী	رَحِيمٌ	ر ح م	رَحِمَ
সব বিষয়ে অবগত	خَبِيرٌ	خ ب ر	خَبَرَ
সর্বজ্ঞ, চূড়ান্ত জ্ঞানসম্পন্ন	عَلِيمٌ	ع ل م	عَلِمَ
সব কিছু রক্ষা ও সংরক্ষণকারী	حَفِيظٌ	ح ف ظ	حَفِظَ
সর্বদ্রষ্টা	بَصِيرٌ	ب ص ر	بَصَرَ

১০. ইসম মাফ'উল (اسم مفعول)

ইসম মাফ'উল এমন একটি اسم (noun) যা সেই ব্যক্তি/বস্তু বোঝায় যার ওপর কাজটি সংঘটিত হয়েছে — অর্থাৎ কাজের প্রাপক বা object। উদাহরণস্বরূপ :

- যে শিক্ষা দেয় → শিক্ষক (ইসম ফা'ইল)
- যাকে শিক্ষা দেওয়া হয় → শিক্ষার্থী (ইসম মাফ'উল)
- যে চালায় → চালক (ইসম ফা'ইল)
- যাকে চালানো হয় → যানবাহন (ইসম মাফ'উল)

ছোট ফ্যামিলির ইসম মাফউল গঠন

উদাহরণস্বরূপ ছোট ফ্যামিলির একটি সদস্য فَعَلَ নিলাম। এখন দেখবো চারটি ধাপে কিভাবে ইসম মাফউল বানাতে পারি :

শুরুতে ফাতহা/যবর সহ মীম (م) যোগ করবো → مَ
প্রথম রুট বর্ণে সুকুন যোগ করবো → مَفْـ
দ্বিতীয় রুট বর্ণে দম্মা/পেশ যোগ করবো এবং সুকুন সহ و আনবো → مَفْعُوْ
তৃতীয় রুট বর্ণে দুই দম্মা/পেশ (تنوين الضم) যোগ করবো → مَفْعُوْلٌ

ইসম মাফউল	ইসম ফাই'ল	ফি'ল	ফ্যামিলি
مَفْتُوْحٌ	فَاتِحٌ	فَتَحَ	ফ্যামিলি :১
مَضْرُوْبٌ	ضَارِبٌ	ضَرَبَ	
مَنْصُوْرٌ	نَاصِرٌ	نَصَرَ	
مَسْمُوْعٌ	سَامِعٌ	سَمِعَ	
مَحْسُوْبٌ	حَاسِبٌ	حَسِبَ	
-	كَارِمٌ	كَرُمَ	

বড় ফ্যামিলির ইসম মাফউল গঠন

বড় ফ্যামিলির ক্ষেত্রে প্রতিটি ফ্যামিলির ইসম ফা'ইল নিবো। অতঃপর ইসম ফা'ইলের শেষ থেকে দ্বিতীয় হরফে সর্বদা ফাতহা/যবর ব্যবহার করবো। ফ্যামিলি -৭ এর ইসম মাফ'উল ফর্ম হবে না।

ইসম মাফউল	ইসম ফাই'ল	ফি'ল	ফ্যামিলি
مُعَلَّمٌ	مُعَلِّمٌ	عَلَّمَ	ফ্যামিলি -২
مُجَاهَدٌ	مُجَاهِدٌ	جَاهَدَ	ফ্যামিলি -৩
مُسْلَمٌ	مُسْلِمٌ	اَسْلَمَ	ফ্যামিলি -৪
مُتَعَلَّمٌ	مُتَعَلِّمٌ	تَعَلَّمَ	ফ্যামিলি -৫
مُتَسَاءَلٌ	مُتَسَاءِلٌ	تَسَاءَلَ	ফ্যামিলি -৬
-	مُنْقَلِبٌ	اِنْقَلَبَ	ফ্যামিলি -৭
مُسْتَمَعٌ	مُسْتَمِعٌ	اِسْتَمَعَ	ফ্যামিলি -৮
مُسْتَكْبَرٌ	مُسْتَكْبِرٌ	اِسْتَكْبَرَ	ফ্যামিলি -১০

অনিয়মিত ছারফ (Irregular Sarf)

অনিয়মিত ছারফ বলতে এমন ক্রিয়ার গঠনকে বোঝায় যেখানে তিনটি রুট বর্ণের (Root letters) মধ্যে দুটি রুট বর্ণ একই থাকে অথবা কোনও একটি বা একাধিক রুট বর্ণে **و , ي , أ** থাকে। এই ধরনের ক্ষেত্রে ক্রিয়ার সাধারণ নিয়মে রূপান্তর ঘটে না; বরং বিশেষ পরিবর্তন যেমন—হরফ বাদ পড়া, অন্য হরফে রূপান্তরিত হওয়া কিংবা একত্রিত হয়ে তাশদীদে পরিণত হওয়া—ঘটে।

অনিয়মিত ছারফ আয়ত্ত করার জন্য কিছু সাধারণ নিয়ম (rule of thumb) মনে রাখা জরুরি। আর পবিত্র কুরআনুল কারীম তিলাওয়াত ও অধ্যয়নের সময় এসব পরিবর্তনের দিকে খেয়াল রাখলে—নিয়মিত অনুশীলনের মাধ্যমে—এই বিষয়গুলো আমাদের আয়ত্তে চলে আসবে, ইন শা আল্লাহ।

নিয়ম-১ :

অনিয়মিত ছারফ শেখার সময় শিক্ষার্থীর দৃষ্টিভঙ্গি হবে—আরবরা কখনও কোনও শব্দ উচ্চারণে কষ্ট বা অসুবিধা (discomfort) মেনে নিতেন না। তারা সর্বদা এমন উচ্চারণ বেছে নিতেন যা সহজ, স্বাভাবিক এবং সাবলীল। এজন্য যেখানে যেমনভাবে উচ্চারণ করা সহজ হতো, সেভাবেই শব্দের রূপান্তর ঘটতো।

নিয়ম-২ :

প্রথম রুট বর্ণে ء , و , ي আসলে —

- অতীত কালে সাধারণত কোনও পরিবর্তন ঘটে না।
- বর্তমান/ভবিষ্যৎ কালে → ي / و প্রায়শই বাদ পড়ে বা সহজ রূপে আসে।
- ء (হামজা) কখনও অপরিবর্তিত থাকে, আবার কখনও মাদের হরফে রূপান্তরিত হয়।

মাদের হরফ

ক. যবরের বাম পাশে খালি আলিফ মাদের হরফ। মাদের হরফ হলে এক আলিফ টেনে পড়তে হয়। যেমন **بَا**

খ. পেশের বাম পাশে জযম ওয়ালা ওয়াও মাদের হরফ। মাদের হরফ হলে এক আলিফ টেনে পড়তে হয়। যেমন **بُوْ**

গ. যেরের বাম পাশে জযমওয়ালা ইয়া মাদের হরফ। মাদের হরফ হলে এক আলিফ টেনে পড়তে হয়। যেমন **بِىْ**

বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল	রুট বর্ণ
يَعِدُ	وَعَدَ	و – ع – د
يَرِثُ	وَرِثَ	و – ر – ث
يُيَسِّرُ	يَسَّرَ	ي – س – ر
يَأْكُلُ	أَكَلَ	أ – ك – ل
يُؤْمِنُ	آمَنَ	أ – م – ن
يَأْخُذُ	أَخَذَ	أ – خ – ذ

নিয়ম-৩ :

দ্বিতীয় রুট বর্ণে ء , و , ي আসলে—

- অতীত কালে প্রায়ই و , ي আগের হরফের সাথে মিলে মাদের হরফে রূপান্তরিত হয়
- বর্তমান/ভবিষ্যৎ কালে و , ي কখনো আসল রূপে ফিরে আসে কখনো মাদের হরফে রূপান্তরিত হয়।
- ء (হামজা) মাঝখানে থাকলে কখনও অপরিবর্তিত থাকে, আবার কখনও উচ্চারণ সহজ করার জন্য পরিবর্তিত রূপ নেয়।

বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল	রুট বর্ণ
يَقُولُ	قَالَ	ق – و – ل
يَخَافُ	خَافَ	خ – و – ف
يَشَاءُ	شَاءَ	ش – ي – ء
يَزِيدُ	زَادَ	ز – ي – د
يَسْأَلُ	سَأَلَ	س – ء – ل
يَجْأَرُ	جَأَرَ	ج – ء – ر

নিয়ম-৪:

তৃতীয় রুট বর্ণে ء , و , ي আসলে—

- অতীত কালে শেষের و , ي সাধারণত ى (আলিফ মাকসুরা) হয়ে যায়।
- বর্তমান/ভবিষ্যৎ কালে و , ي মাদের হরফে রূপান্তরিত হয়।
- ء (হামজা) শেষ রুট বর্ণে থাকলে সাধারণত অপরিবর্তিত থাকে, তবে কখনও উচ্চারণ সহজ করার জন্য পরিবর্তিত রূপ নেয়।

বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল	রুট বর্ণ
يَدْعُو	دَعَا	د – ع – و
يَتْلُو	تَلَا	ت – ل – و
يَهْدِي	هَدَى	ه – د – ي
يَقْضِي	قَضَى	ق – ض – ي
يَبْدَأُ	بَدَأَ	ب – د – ء
يَقْرَأُ	قَرَأَ	ق – ر – ء
يُخْفِي	أَخْفَى	خ – ف – ي
يُلْقِي	أَلْقَى	ل – ق – ي

নিয়ম-৫:

যখন দ্বিতীয় ও তৃতীয় রুট বর্ণ একই হয়, তখন আলাদা করে উচ্চারণ না করে, একত্রিত হয়ে তাশদীদ দিয়ে প্রকাশিত হয়।

বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল	রুট বর্ণ
يَمُدُّ	مَدَّ	م – د – د
يَشُدُّ	شَدَّ	ش – د – د
يَضِلُّ	ضَلَّ	ض – ل – ل
يَحِقُّ	حَقَّ	ح – ق – ق
يَمَسُّ	مَسَّ	م – س – س
يَظَلُّ	ظَلَّ	ظ – ل – ل
يُحِبُّ	أَحَبَّ	ح – ب – ب
يُحِلُّ	أَحَلَّ	ح – ل – ل

এমনকি দুটি রুট বর্ণের স্থানে ء , و , ي আসতে পারে। তখন বর্ণগুলো একে অপরের সঙ্গে মিলিত হয়ে প্রায়শই মাদের হরফের রূপ নেয় অথবা কখনও বাদ পড়ে যায়। । যদিও পবিত্র কুরআনুল কারীমে এইরকম উদাহরণ খুব অল্প। দেখতে দেখতে আমরা বুঝে ফেলবো ইন শা আল্লাহ।

বর্তমান/ভবিষ্যৎ কাল	অতীত কাল	রুট বর্ণ
يَقِي	وَقَى	و – ق – ي
يَتَّقِي	اِتَّقَى	و – ق – ي
يَأْتِي	أَتَى	أ – ت – ي
يَسْتَحْيِي	اسْتَحْيَا	ح – ي – ي
يُوحِي	أَوْحَى	و – ح – ي
يُوفِي	أَوْفَى	و – ف – ي

বহুল ব্যবহৃত ফ্যামিলির মানচিত্র

فَتَحَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يَفْتَحَ	يَفْتَحُ	فَتَحَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يَفْتَحْ	يُفْتَحُ	فُتِحَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تَفْتَحْ	إِفْتَحْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مَفْتُوْحٌ	فَاتِحٌ

ضَرَبَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يَضْرِبَ	يَضْرِبُ	ضَرَبَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يَضْرِبْ	يُضْرَبُ	ضُرِبَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تَضْرِبْ	إِضْرِبْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مَضْرُوْبٌ	ضَارِبٌ

نَصَرَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يَنْصُرَ	يَنْصُرُ	نَصَرَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يَنْصُرْ	يُنْصَرُ	نُصِرَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تَنْصُرْ	أُنْصُرْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مَنْصُوْرٌ	نَاصِرٌ

سَمِعَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يَسْمَعَ	يَسْمَعُ	سَمِعَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يَسْمَعْ	يُسْمَعُ	سُمِعَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تَسْمَعْ	إِسْمَعْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مَسْمُوْعٌ	سَامِعٌ

পবিত্র কুরআনে প্রায় **১৯,৩৫৬** বার ক্রিয়া ব্যবহৃত হয়েছে। এর মধ্যে প্রায় **৬০%** ক্ষেত্রে পূর্বোক্ত চারটি ছোট ফ্যামিলি থেকে ব্যবহৃত হয়েছে।

عَلَّمَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يُعَلِّمَ	يُعَلِّمُ	عَلَّمَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يُعَلِّمْ	يُعَلَّمُ	عُلِّمَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تُعَلِّمْ	عَلِّمْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مُعَلَّمٌ	مُعَلِّمٌ

جَاهَدَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يُجَاهِدَ	يُجَاهِدُ	جَاهَدَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يُجَاهِدْ	يُجَاهَدُ	جُوْهِدَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تُجَاهِدْ	جَاهِدْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مُجَاهَدٌ	مُجَاهِدٌ

أَسْلَمَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يُسْلِمَ	يُسْلِمُ	أَسْلَمَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يُسْلِمْ	يُسْلَمُ	أُسْلِمَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تُسْلِمْ	أَسْلِمْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مُسْلَمٌ	مُسْلِمٌ

اِقْتَرَبَ ফ্যামিলির মানচিত্র

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يَقْتَرِبَ	يَقْتَرِبُ	اِقْتَرَبَ
৬. লাইটেস্ট	৪. Passive (বর্তমান/ভবিষ্যত)	২. Passive (অতীত)
يَقْتَرِبْ	يُقْتَرَبُ	اُقْتُرِبَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تَقْتَرِبْ	اِقْتَرِبْ
১০. ইসম মাফউল	৯. ইসম ফাই'ল
مُقْتَرَبٌ	مُقْتَرِبٌ

পবিত্র কুরআনে প্রায় **১৯,৩৫৬** বার ক্রিয়া ব্যবহৃত হয়েছে। এর মধ্যে প্রায় **৩১%** ক্ষেত্রে পুর্বোক্ত চারটি বড় ফ্যামিলি থেকে ব্যবহৃত হয়েছে।

বাক্যে ক্রিয়ার প্রয়োগ

ক্রিয়াবাচক বাক্যের উপাদানসমূহ

আরবি ভাষায় একটি ক্রিয়াবাচক বাক্যকে جملة فعلية/জুমলা ফি'লিয়া/Verbal Sentence বলা হয়। এই ধরনের বাক্যে পাঁচটি প্রধান উপাদান থাকে:

১. ক্রিয়া (فِعْلٌ - ফি'ল)

ক্রিয়া হলো এমন একটি শব্দ যা কোনো কাজ বা কর্মকে নির্দেশ করে। আরবি ভাষায় বেশি ব্যবহৃত মোট ৮ ধরনের ক্রিয়ার রূপ দেখা যায়। প্রতিটি রূপ আবার **১৪**টি সর্বনামের (কিছু ক্ষেত্রে ৬টি সর্বনামের) জন্য আলাদা ফর্মে আসে। নিচে সেই ৮ ধরনের ক্রিয়ার রূপ একটি সারণিতে দেখানো হলো।

৫. লাইট	৩. বর্তমান/ভবিষ্যত	১. অতীত
يُسْلِمَ	يُسْلِمُ	أَسْلَمَ
৬. লাইটেস্ট	**৪. Passive (বর্তমান/ভবিষ্যত)**	**২. Passive (অতীত)**
يُسْلِمْ	يُسْلَمُ	أُسْلِمَ

৭. অনুজ্ঞাসূচক নিষেধ	৮. অনুজ্ঞাসূচক আদেশ
لاَ تُسْلِمْ	أَسْلِمْ

২. কর্তা (فَاعِلٌ - ফা'ইল)

কর্তা হলো সেই ব্যক্তি বা বস্তু, যা কাজ সম্পাদন করে। কর্তা মূলত দুই প্রকার হতে পারে:

- মুক্ত সর্বনাম: যা সাধারণত ক্রিয়ার মধ্যে লুকায়িত থাকে।
- বিশেষ্য: যা সাধারণত ক্রিয়ার পরে রফা অবস্থায় দেখা যায়। উদাহরণসহ ব্যাখ্যা:

বিশ্লেষণ	ক্রিয়াবাচক বাক্য
এই বাক্যে خَلَقَ ফি'লের মধ্যে কর্তা (সর্বনাম-هُوَ/সে/তিনি) লুকায়িত আছে।	خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ
এই বাক্যে قَتَلَ ফি'লের জন্য কর্তা হলো রফা ফর্মে থাকা دَاوُودُ	قَتَلَ دَاوُودُ جَالُوتَ

৩. কর্ম (مَفْعُوْلٌ - মাফউল)

কর্ম হলো সেই ব্যক্তি বা বস্তু, যার ওপর ক্রিয়ার প্রভাব পড়ে। এটি সাধারণত ক্রিয়া এবং কর্তার পর আসে এবং বাক্যের অর্থকে তথ্যবহুল করে তোলে। মাফউল সাধারণত নাসব স্ট্যাটাসে আসে। মাফউলকে বিভিন্নভাবে নামকরণ করা যায়। সরলতার জন্য, আমরা কেবল দুটি প্রধানভাগে বিভক্ত করবো, যথা :

- **মাফউলুন বিহি (ব্যক্তি/বস্তুবাচক কর্ম)**: 'কাকে' বা 'কী' দ্বারা ক্রিয়া সংঘটিত হয়েছে, তা বোঝাতে ব্যবহার হয়।
- **অন্যান্য মাফউল**: একটি ক্রিয়াবাচক বাক্যে 'কী' বা 'কাকে'র প্রশ্নের উত্তর ছাড়াও আরো প্রশ্নের (কোথায়, কখন, কিভাবে ইত্যাদি) উত্তর থাকতে পারে। সাধারণত ঐ ধরণের প্রশ্নের উত্তরে নাসব স্ট্যাটাসের ইসম/বাক্যাংশ(মুদফ ইলাইহি অথবা মাউসুফ সিফাহ) অন্যান্য মাফউল হিসেবে আসে। উদাহরণস্বরূপ:

কোন প্রশ্নের উত্তর	মাফউল	ক্রিয়াবাচক বাক্য
কাকে	جَالُوتَ	قَتَلَ دَاوُودُ جَالُوتَ
কাকে হত্যা করল ?	জালূতকে	দাউদ জালূতকে হত্যা করল
কাকে	كُم	خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ
কাকে সৃষ্টি করেছেন ?	তোমাদেরকে	তিনি তোমাদেরকে এক ব্যক্তি থেকে সৃষ্টি করেছেন
কী	الْقُرْآنَ	وَلَقَدْ يَسَّرْنَا الْقُرْآنَ لِلذِّكْرِ
কী সহজ করেছি ?	কোরআনকে	নিশ্চয় আমরা কোরআনকে বোঝার জন্যে সহজ করেছি
কাকে কখন	قَوْمِيلَيْلًا وَنَهَارًا	دَعَوْتُ قَوْمِي لَيْلًا وَنَهَارًا
কাকে দাওয়াত দিয়েছি ? কখন দাওয়াত দিয়েছি ?	আমার সম্প্রদায়কে দিবারাত্রি	আমি আমার সম্প্রদায়কে দিবারাত্রি দাওয়াত দিয়েছি
কাকেকেন	أَوْلَادَكُمْخَشْيَةَ إِمْلَاقٍ	لَا تَقْتُلُوا أَوْلَادَكُمْ خَشْيَةَ إِمْلَاقٍ
কাকে হত্যা করো না?কেন হত্যা করো না ?	তোমাদের সন্তানদেরকে দারিদ্রতার ভয়ে	তোমরা তোমাদের সন্তানদেরকে দারিদ্রতার ভয়ে হত্যা করো না

৪. মুতাআল্লিক বিল ফি'ল (مُتَعَلِّقٌ بِـالفِعْلِ)

যদি কোনো ক্রিয়াবাচক বাক্যে জার মাজরুর বা বিশেষ মুদফ-মুদফ ইলাইহি বাক্যাংশ আসে, তা মুতাআল্লিক বিল ফি'ল হিসেবে গণ্য হয়। এগুলো ফি'লের সাথে সম্পর্কিত থাকে এবং বাক্যের অর্থকে আরো তথ্যবহুল করে। উদাহরণস্বরূপ:

বাক্যাংশ	মুতাআল্লিক বিল ফি'ল	ক্রিয়াবাচক বাক্য
জার মাজরুর*	مِّن نَّفْسٍ وَاحِدَةٍ	خَلَقَكُم مِّن نَّفْسٍ وَاحِدَةٍ
বিশেষ মুদফ-মুদফ ইলাইহি	فَوْقَكُمْ	بَنَيْنَا فَوْقَكُمْ سَبْعًا شِدَادًا

*জার-মাজরুর বাক্যাংশের সাথে সমন্বিতভাবে মুদফ মুদফ ইলাইহি/মাউসুফ সিফাহ বাক্যাংশ আসতে পারে। যেহেতু বাক্যাংশটি শুরু হচ্ছে জার-মাজরুর হিসাবে, আমরা এটাই বিবেচনা করবো।

৫ . নায়িবুল ফা'ইল (نَائِبُ الْفَاعِلِ)

আরবি ব্যাকরণে নায়িবুল ফা'ইল (نَائِبُ الْفَاعِلِ) হলো সেই শব্দ বা বাক্যাংশ যা ফা'ইল (ক্রিয়ার কর্তা)-এর স্থানে ব্যবহৃত হয় যখন ক্রিয়াটি কর্মবাচ্যে (passive) হয়। যখন ক্রিয়াটি কর্মবাচ্যে হয় এবং রফা অবস্থায় কোনো ইসম না থাকে তখন লুকায়িত সর্বনাম নায়িবুল ফা'ইল হিসেবে কাজ করে।

নায়েবুল ফাই'ল	ফি'ল
آبَاؤُهُمْ	مَّا أُنذِرَ
তাদের পূর্ব পুরুষগণকে	সতর্ক করা হয়নি
الرُّومُ	غُلِبَتِ
রোমানজাতি	পরাজিত হয়েছে

ফি'ল	মুতাআল্লিক বিল ফি'ল
تُرْجَعُونَ	إِلَيْهِ
তোমাদেরকে ফিরিয়ে নেওয়া হবে	তাঁর কাছেই

ক্রিয়াবাচক বাক্যের প্যাটার্ন

প্যাটার্ন-১: ফি'ল + ফা'ইল + মাফউল

এই প্যাটার্নের বাক্যের বৈশিষ্ট্য হলো এখানে তিনটি অংশ থাকবে যথা ফি'ল,ফা'ইল ও মাফ'উল। যেহেতু এই বাক্যে একটি বাহ্যিক ফা'ইল থাকে, এই বাক্যের ফি'লটি সর্বদা কর্তৃবাচ্য (Active) ফর্মে থাকবে। ফি'ল সর্বদা অতীত বা বর্তমান/ভবিষ্যৎ কালের هُوَ অথবা هِيَ ফর্মে থাকবে। ফি'লটি هُوَ ফর্মের হবে যখন ফা'ইল নামপুরুষের পুরুষবাচক একবচন/দ্বিবচন/বহুবচন হবে; অন্যদিকে ফি'লটি هِيَ ফর্মের হবে যখন ফা'ইল নামপুরুষের স্ত্রীবাচক একবচন/দ্বিবচন/বহুবচন হবে।

ফা'ইল রফা স্ট্যাটাসের একটি ইসম হতে পারে আবার একটি বাক্যাংশও হতে পারে। মাফ'উল নাসব স্ট্যাটাসের একটি ইসম হতে পারে অথবা একটি বাক্যাংশও হতে পারে।যেহেতু এই বাক্যে একটি বাহ্যিক ফা'ইল থাকে, ফি'লের মধ্যে লুকায়িত সর্বনাম هُوَ অথবা هِيَ এর অনুবাদ করার প্রয়োজন নেই।

নিচে পবিত্র কুরআনুল কারীম থেকে এই প্যাটার্নের বাক্যের কিছু উদাহরণ দেয়া হলো :

মাফ'উল	ফা'ইল	ফি'ল
جَالُوتَ	دَاوُودُ	قَتَلَ
জালুতকে	দাউদ	হত্যা করলেন
الْمُرْسَلِينَ	قَوْمُ نُوحٍ	كَذَّبَتْ
রসূলগণকে	নূহের সম্প্রদায়	প্রত্যাখ্যান করেছিল
أَعْمَالَهُمْ	اللَّهُ	أَحْبَطَ
তাদের কর্মসমূহ	আল্লাহ্	বিফল করেছেন
مُوسَىٰ	رَبُّكَ	نَادَىٰ
মূসাকে	তোমার প্রভু	ডাকলেন

মাফ'উল	ফা'ইল	ফি'ল
أَصْحَابَ الْجَنَّةِ	أَصْحَابُ النَّارِ	نَادَىٰ
জান্নাতীদেরকে	জাহান্নামীরা	ডাকলেন
أَصْحَابَ النَّارِ	أَصْحَابُ الْجَنَّةِ	نَادَىٰ
জাহান্নামীদেরকে	জান্নাতীরা	ডাকলেন
ابْنَهُ	نُوحٌ	نَادَىٰ
তাঁর পুত্রকে	নূহ	ডাকলেন
رَبَّهُ	نُوحٌ	نَادَىٰ
তাঁর প্রভুকে	নূহ্	ডাকলেন
سَيِّئَاتِهِمْ حَسَنَاتٍ	اللَّهُ	يُبَدِّلُ
তাদের মন্দকাজকে সৎকাজ দিয়ে	আল্লাহ্	বদলে দেন
الْأَمْثَالَ	اللَّهُ	يَضْرِبُ
দৃষ্টান্তসমূহ	আল্লাহ্	উপস্থাপন করেন
الْمُؤْمِنِينَ الْقِتَالَ	اللَّهُ	كَفَى
যুদ্ধে মুমিনদের জন্যে	আল্লাহ	যথেষ্ট হয়ে গেছেন
أَمْرًا	اللَّهُ وَرَسُولُهُ	قَضَى
কোনো বিষয়ে	আল্লাহ্ ও তাঁর রসূল	সিদ্ধান্ত নিয়েছেন
وَلَدًا	اللَّهُ	اتَّخَذَ
সন্তান	আল্লাহ	গ্রহণ করেছেন*

*তারা বলে

বাক্যের অর্থ করার সময় শাব্দিক অর্থের দিকে প্রাধান্য দেয়া হয়েছে। পবিত্র কুরআনুল কারীমের সামগ্রিক ঘটনার প্রেক্ষাপট অনুযায়ী অর্থ কিছুটা ভিন্ন হতে পারে।

প্যাটার্ন-২: ফি'ল + ফা'ইল + মুতাআল্লিক বিল ফি'ল

